

আরজি কর কাণ্ড নিয়ে কলম ধরলেন মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ২ অক্টোবর : ‘আমার হৃদয় জ্বলে ছারখার’। আরজি করকাণ্ড নিয়ে এবার কলম ধরলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শারদ সংখ্যায় লিখলেন, ‘মনে হচ্ছিল আমার পরিবারের কাউকে হারানাম’। তার লেখায় উঠে এল ‘অপরাজিতা আইন’ প্রসঙ্গও। ‘আবেগ কবিতা সাহিত্য দিয়ে প্রশাসন চলে না’, পাল্টা কটাক্ষ রাজ্য বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্যের। পুজো আসছে। আজ, বুধবার মহালয়ার দিনে ‘জাগো বাংলা’র শারদ সংখ্যার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। সঙ্গে নিজের লেখা একটি গানের আলবামেরও। তিনি বলেন, ‘আমি প্রচন্দ করেছি এবার। আজ আমি জেলার চারশো পুজো উদ্বোধন করব। মা সবাইকে ভালো থাকুন। যারা কাউটিল্লার আছেন, তারা জাগো বাংলার শারদীয়া কিনুন। অনেক ইনফরমেশন থাকে। অনেক কষ্ট করে এটা হয়। আমরা এক পয়সা বিজ্ঞাপন নিই না’। এদিকে পুজোর সময় রাজ্যে ভয়াবহ বন্যা। উত্তর থেকে দক্ষিণ। বানভাসি বাংলা। মুখ্যমন্ত্রী বলেন, ‘অনেক বানভাসি মানুষ আছেন। তাদের পাশে সাধ্যমতো থাকুন। আমরা অনেক করেছি। আমাদের দল অনেক করেছে। আমরা চূপ করে কাজ করছি। আমি মনে করি চূপ করে কাজ করা উচিত। বেশি বক বক করা উচিত নয়’। মুখ্যমন্ত্রী আরও বক্তব্য, ‘অনেকে বলেন পুজো কেন করব। আমরা মনে করি সবাইকে নিয়ে চলায় একটা প্রাণ আছে। অনেক বড় বড় পুজো কলকাতায় হয়। অনেক ভালো পুজো হচ্ছে জেলায় জেলায়। পুলিশের সাথে সময়ধর রাখুন।

রাজ্যে রেলপ্রকল্পের উন্নয়নে ১০ বছরে ১৬ হাজার ৯১৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে

দুরন্ত বার্তা, কলকাতা, ২ অক্টোবর : শিয়ালদহ স্টেশনের নাম বদলের প্রস্তাব রাজ্যসভার বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্যের। শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের নামে বদল করার দাবি জানিয়েছেন তিনি। বুধবার রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সামনে এই দাবি করেন সাংসদ। শমীকের এই দাবি ঘিরে শুরু জোর রাজনৈতিক তরঙ্গ। শমীককে পালটা তোপ তুণমূল নেতা কুণাল ঘোষের। বুধবার একাধিক রেল প্রকল্পের উদ্বোধনে রাজ্যে আসেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ শান্তনু ঠাকুর, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য-সহ একাধিক নেতানৈত্রী। উদ্বোধনের পর প্রথম এদিনই নসিপুর রেলব্রিজের উপর দিয়ে আজিমগঞ্জ পর্যন্ত ট্রেন চলাচল শুরু হয়। রেলমন্ত্রীর দাবি, রাজ্যে রেলপ্রকল্পের উন্নয়নে ১০ বছরে ১৬ হাজার ৯১৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তবে অভিযোগ, রাজ্যের তরফে রেলপ্রকল্পের জন্য জমি দিতে অসহযোগিতা করা হচ্ছে। সে



কারণেই রেল প্রকল্পের উন্নয়নে জটিলতা তৈরি হয়েছে বলেই দাবি রেলমন্ত্রীর। জমি জট কেটে গেলে অতি দ্রুত রেলপ্রকল্পের বাস্তবায়ন

এই প্রসঙ্গে শমীককে দুই তুণমূল নেতা কুণাল ঘোষ বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় রেলমন্ত্রী থাকাকালীন রাজ্যের উন্নয়নকল্পে একাধিক কাজ

পিতৃপক্ষের অবসানে দেবীপক্ষের সূচনা, গঙ্গার ঘাটে তর্পণ

দুরন্ত বার্তা, কলকাতা, ২ অক্টোবর : পিতৃপক্ষের অবসানে সূচনা হয়ে গেল দেবীপক্ষের। বুধবার মহালয়ার ভোরে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন জেলায় গঙ্গার ঘাটে চলল তর্পণ। হাতে আর মাত্র কিছু দিন বাকি, পুজোর আনন্দ আরো মেতে উঠেছেন অনেকেই। কুমোরটুলি হোক অথবা অন্য কোনও পট্টয়া পাড়া প্রায় সব জায়গাতেই চূড়ান্ত ব্যস্ততা। ছোট থেকে বড় নানা প্রতিমার বাহারে সেজে উঠেছে কুমোরটুলিও। সব কিছুই যেন জানান দিচ্ছে মা এসে গিয়েছেন। পাড়ায় পাড়ায় অনেক আগে থেকেই শুরু হয়ে গেছে প্যাণ্ডেল বাধার কাজ। এখন তা শেষের দিকে। প্রচলিত প্রথা অনুযায়ী, মহালয়ার দিনেই আঁকা হয় মায়ের চোখ। অর্থাৎ চক্ষুদান করা হয় মাতৃপ্রতিমার। সেই চক্ষুদানের মাধ্যমেই কুমোরটুলিতে শুরু হয়েছে শেষ মুহূর্তের প্রস্তুতি। কোমর বেঁধে নেমে পড়েছেন শিল্পীরা।

মুখ্যমন্ত্রীর নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ২ অক্টোবর : মুখ্যমন্ত্রী মমতা বানার্জি আসন্ন উৎসবের দিনগুলিতে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে পুজো উদ্যোক্তাদের পুলিশের সঙ্গে সময়ধর বজায় রাখার উপার জোর দিয়েছেন। কলকাতায় আজ তুণমূল কলপ্রসারের দলীয় মুখপাত্র জাগো বাংলার উৎসব সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, এখন শুধুমাত্র কলকাতায় নয়, জেলাতেও বড় বড় পুজো আয়োজন করা হচ্ছে। সেখানে বহু মানুষের ভিড় হয়। সমস্তটা সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে পুলিশের সঙ্গে উদ্যোক্তাদের নিরন্তর সময়ধর রাখা প্রয়োজন।

১০ বছরে স্বচ্ছ ভারত মিশনকে নিজেদের লক্ষ্যে পরিণত করেছেন কোটি কোটি ভারতবাসীঃ প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২ অক্টোবর : বিগত ১০ বছরে স্বচ্ছ ভারত মিশনকে নিজেদের ব্যক্তিগত লক্ষ্যে পরিণত করেছেন কোটি কোটি ভারতবাসী। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্বচ্ছ ভারত মিশনের ১০ বছর পূর্তি উপলক্ষ্যে দিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, গত ১০ বছরে, কোটি কোটি ভারতীয় স্বচ্ছ ভারত মিশনকে নিজেদের ব্যক্তিগত লক্ষ্যে পরিণত করেছেন। এক দশকের এই যাত্রার পর, আমি সমস্ত দেশবাসী, পরিচ্ছন্নতা কর্মী, আধ্যাত্মিক নেতা, আমাদের খেলোয়াড়, সেলিব্রিটি, এনজিও এবং মিডিয়া ব্যক্তিদের অবদানের প্রশংসা করি। আপনারা সবাই স্বচ্ছ ভারত মিশনকে জনগণের বিপুলে পরিণত করেছেন। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রাক্তন রাষ্ট্রপতি এবং প্রাক্তন উপরাষ্ট্রপতি এই অভিযানে অংশ নিয়েছিলেন এবং ‘স্বচ্ছতা হি সেবা’-তে অবদান রেখেছিলেন। সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী এবং জনপ্রতিনিধিরাও পরিচ্ছন্নতা অভিযানে অবদান রেখেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আরও বলেছেন, এই গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে ১০ হাজার কোটি টাকার পরিচ্ছন্নতা প্রকল্পের উদ্বোধন করা হয়েছে। মিশন অমৃতের অংশ হিসাবে, বিভিন্ন শহরে জল এবং পয়ঃনিষ্কাশন শোধনাগার স্থাপন করা হবে। সেটা নমামি গঙ্গে সম্পর্কিত কাজ হোক অথবা আবর্জনা থেকে বায়োগ্যাস তৈরির জন্য ‘গোবর্ধন’ প্ল্যান্ট, এই সবই স্বচ্ছ ভারত মিশনকে নতুন উচ্চতায় নিয়ে যাবে।



আর জি করে ‘অভয়ার আবক্ষ মূর্তি, ‘সুপ্রিম বক্তব্যের পরিপন্থী’ঃ কুণাল

দুরন্ত বার্তা, কলকাতা, ২ অক্টোবর : মহালয়ার ভোরে আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে উন্মোচিত হল ‘অভয়ার আবক্ষ মূর্তি’। কিন্তু সেই মূর্তি বসানো সুপ্রিম কোর্টের বক্তব্যের পরিপন্থী বলে দাবি করলেন তুণমুলের প্রাক্তন রাজ্যসভা সাংসদ কুণাল ঘোষ। তার কথায়, নিগূহীতার ছবি, মূর্তি নিয়ে দেশে গাইডলাইন আছে। সেখানে যন্ত্রপাতি মূর্তি

বসানো উচিত নয়। কর্মক্ষেত্রে ধর্ষণ করে খুন করা হয়েছে আর জি করের তরুণী চিকিৎসককে। নৃশংস এই ঘটনার প্রতিবাদের ঢেউ রাজ্যের গণ্ডি পেরিয়ে দেশে, এমনকী বিদেশেও আছড়ে পড়েছে। এই ঘটনার কথা যাতে কেউ ভুলে না যায়, সেজন্যই আর জি কর চত্বরে অভয়ার মূর্তি বসানোর সিদ্ধান্ত। কর্মক্ষেত্রে দায়িত্ব পালনের সময় যে নির্মম

অত্যাচারের শিকার ওই চিকিৎসক হয়েছেন, সেটাই তার তৈরি আবক্ষ ‘অভয়ার মূর্তিতে ফুটিয়ে তোলা হয়েছে। মহালয়ার সকালে এই মূর্তির উন্মোচন হয়। পুরো বিষয়টিকে সুপ্রিম কোর্টের বক্তব্যের পরিপন্থী বলে দাবি করেছেন কুণাল। রাজ্যসভার প্রাক্তন সাংসদ তথা তুণমুলের মিডিয়া কমিটির সদস্য কুণাল ঘোষ এক্স হ্যাণ্ডেলে লেখেন, ‘তিলোত্তমার নামে

এই মূর্তিটি বসানো সুপ্রিম কোর্টের বক্তব্যের স্পিরিটের পরিপন্থী। কোনো দায়িত্বশীল ব্যক্তি এটা করতে পারেন না। শিল্পের নামেও না। প্রতিবাদ, ন্যায়বিচারের দাবি থাকবেই। কিন্তু মেয়েটির যন্ত্রণার মুখ দিয়ে মূর্তি টিক নয়। নিগূহীতার ছবি, মূর্তি, নামে দেশে গাইডলাইন আছে। তিলোত্তমার নামে এই মূর্তিটি বসানো সুপ্রিম কোর্টের বক্তব্যের স্পিরিটের পরিপন্থী।

MINISTRY OF
CORPORATE
AFFAIRS
GOVERNMENT OF INDIA

পিএম
ইন্টার্নশিপ
সেবা থেকে শিখুন

১ কোটি যুবক আগামী ৫ বছরে শীর্ষ ৫০০টি কোম্পানিতে এক বছর দীর্ঘ ইন্টার্নশিপ পাবে

অনেক
সেক্টর,
অনেক
সুযোগ

ইন্টার্ন রিসিভ করবে
মাসিক ভাতা ৫০০০ টাকা
সেই সঙ্গে এককালীন অনুদান ৬০০০ টাকা

আরও তথ্যের জন্য কল করুন- ১৮০০১১৬০৯০ (টোল ফ্রি)

CBC 07101713/0006/2425

জওয়ান, কিষাণ ও স্বাভিমানের জন্য নিজের জীবন উৎসর্গ করেছিলেন লালবাহাদুর শাস্ত্রীঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২ অক্টোবর : প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীকে তাঁর জন্মজয়ন্তীতে অন্তরের অন্তঃস্থল থেকে শ্রদ্ধা জানানেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃধবার সকালে দিল্লির বিজয় ঘাটে গিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীকে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।এছাড়াও নিজের এঞ্জ হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, ‘‘প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধাপূর্বক নমন। যিনি দেশের ‘জওয়ান’, ‘কিষাণ’ ও ‘স্বাভিমান’–এর জন্য নিজের জীবন উৎসর্গ করেছিলেন।প্রধানমন্ত্রী ছাড়াও প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীকে শ্রদ্ধা জানা রাস্ত্টিপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্য, দিল্লির মুখ্যমন্ত্রী অতিশী মারলেনা প্রমুখ।

অসহায় মানুষদের পুজো উপহার তুলে দিল ভারত সেবাশ্রম সংঘ



পাঁচলা(হাওড়া),২অক্টোবরঃরাজ্যের বন্যা কবলিত এলাকায় ত্রান ও সেবাচ্ছা শুরু করেছে ভারত সেবাশ্রম সংঘ। সংঘের হাওড়ার পাঁচলার গন্ধারধপুর শাখার উদ্যোগে এবার পুজোর আগে এলাকার গরীব ও পিছিয়ে মানুষের হাতে সঞ্ছের সন্নাসী স্বামী মহাদেবানন্দের উদ্যোগে প্রায় ৫০০ মিলিয়াদানের হাতে বস্ত্র,আলতা সিঁদুর,সাবান,মাজন, ফুট জুস ও বৃক্ষ চারা তুলে দেওয়া হল।দূর দুরান্ত থেকে গ্রামের মহিলারা পুজোর আগে এই উপহার নিয়ে খুইই খুশি।মহাদেবানন্দ বলেন সারা রাজ্যের মতো পাঁচলার এই আশ্রম থেকে প্রতি বছর পুজোর আগে সাধারন মানুষদের উপহার তুলে দেওয়া হয়। এছাড়াও এলাকার মানুষের উন্নয়ন নানা কাজ করে চলেছে সংঘ।

৫০০ টাকার জাল নোটে অনুপম খেরের ছবি

মুম্বই, ২অক্টোবর : বেশ কয়েকটি টাকার বাড়তি। কড়কড়ে পাঁচশো টাকার নোট। কিন্তু নোটগুলোতে গান্ধীজীর বদলে অভিনেতা অনুপম খেরের ছবি। জানতে পেরে অভিনেতা নিজেও অবাক। শেয়ার করছেন ডিডিও।গুজরাতের মেছল ঠকুর নামের এক ব্যবসায়ীর কাছ থেকে এই টাকা উদ্ধার করেছে পুলিশ। হিসের বলছে টাকার অঙ্ক মোট ১ কোটি ৬০ লক্ষ টাকা। ব্যবসায়ী বলেছেন, কিছুদিন আগেই একটি সংগঠন তাঁর সঙ্গে যোগাযোগ করে। বলে তারা ২১০০ গ্রাম সোনো কিনতে চান। প্রথমে তারা ১ কোটি ৬০ লক্ষ টাকা দেওয়া হয়। বাকি ৬০ লক্ষ টাকা নিয়ে আসার নাম করে সেইসব লোকজন চম্পট দেয়। পুলিশর কাছে বাজেয়াপ্ত হওয়া টাকার ভিডিও সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। সেই ভিডিও শেয়ার করে অনুপম খের লেবেন, বুবুন কাণ্ড! পাঁচশো টাকার নোটে গান্ধীজির ছবির বদলে আমার ছবি? কত কিছই না হতে পারে!

স্বচ্ছতা অভিযানে অংশ নিলেন মনসুখ মান্ডভিয়া, পরিচ্ছন্নতার ওপর দিলেন বিশেষ জোর

পোরবন্দর, ২ অক্টোবর : গুজরাটের পোরবন্দরে স্বচ্ছতা অভিযানে অংশ নিলেন কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। গান্ধী জয়ন্তী উপলক্ষে, বৃধবার সকালে পোরবন্দরের সমুদ্রতটে স্বচ্ছতা অভিযানে অংশ নেন কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া।মহানত্বা অভিযানে অংশ নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে সূচনা হওয়া স্বচ্ছতা অভিযানের ১০ বছর পূর্ণ হল। এই অভিযানে ভারতের বিস্তীর্ণ ৭,৫০০ কিলোমিটার উপকূলরোহা বরাবর এক হাজারের বেশি স্থানে পরিচ্ছন্নতার কাজ দেওয়া হবে। বিশেষ করে একক-ব্যবহারের প্লাস্টিক সত্রগ্র, পৃথকীকরণ এবং নিষ্পত্তির উপর দৃষ্টি নিবদ্ধ করে। বিপুল সংখ্যক স্বেচ্ছাচক্রবাক ‘স্বচ্ছতা অভিযানে’ অংশ নিচ্ছেন।

গান্ধীজির জীবনাদর্শ দেশবাসীর জন্য সর্বদা অনুপ্রেরণা হয়ে

নয়াদিল্লি, ২ অক্টোবর : জাতির জনক মহাত্মা গান্ধীকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গান্ধীজির জীবনাদর্শ দেশবাসীর জন্য সর্বদা অনুপ্রেরণা হয়ে থাকবে বলেও মন্তব্য করেছেন

অরুণাচলের ইটানগরে

ইটানগর, ২ অক্টোবর : ইটানগরে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া (এসবিআই)–র আঞ্চলিক কার্যালয় আয়োজিত ‘কর্পোরেট সোশাল রেসপন সিবিলিটি’ (সিএসআর) কর্মসূচিতে যোগদান করেছেন কেন্দ্রীয় অর্থ এবং ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারমণ। সিএসআর প্রোগ্রাম অরুণাচল প্রদেশে সামাজিক কল্যাণ, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং আর্থিক সাক্ষরতার উন্নয়নে সহায়তা করতে আর্থিক প্রতিষ্ঠানগুলির সম্মিলিত প্রতিক্রিতির ওপর জোর দিয়েছে। নার্বার্ড (এএএবিএআরডি), সিডিবি (এসআইডিবিআই), এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক (পিএনবি)–এর সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানটি অরুণাচল প্রদেশে সামাজিক কল্যাণ এবং জনগণের উন্নয়নের লক্ষ্যে পরিচালিত সমন্বিত প্রচেষ্টাগুলিকে তুলে ধরার একটি প্ল্যাটফর্ম।এই কার্যসূচির প্রধান বৈশিষ্ট্য হলো, অরুণাচল রাজ্য গ্রামীণ জীবিকা মিশন (এআরএস এলএম)–সমর্থিত ১৬টি স্বনির্ভর গোষ্ঠী (এসএইচজি)–র জন্য ৬০টি স্টলের প্রাণবন্ত প্রদর্শন। স্টলগুলিতে

সেজে উঠছে মহানগরী, শারদোসবে শহর পরিচ্ছন্ন রাখাই লক্ষ্য কলকাতা পৌরনিগমের

কলকাতা, ২ অক্টোবরঃকলকাতা মহানগরীর বুকে সাফাই অভিযান নিত্যকার ঘটনা। জঞ্জাল অপসারণ বিভাগ নয়মতি এই সাফাইযের কাজটি করে থাকে। এদিকে, সামনেই বাঙালির বৃহৎ উৎসব শারদ উসব। সাজ সাজ বর গোটা শহর উজ্জ্বৈ। এই মুহূর্তে কলকাতা পৌর নিগমের সংশ্লিষ্ট বিভাগের অন্যতম ও গুরুত্বপূর্ণ কাজ হল শারদোসবের দিনগুলিতে শহর পরিচ্ছন্ন করে রাখা। এ নিয়ে বিভাগীয় আধিকারিকদের সঙ্গে ইতিমধ্যেই ঠেঁক হয়েছে। কোথও খামতি রাখা যাবে না এই মর্মে বার্তা দেওয়া হয়েছে। বিভাগীয় মেয়র পারিষদ

মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করবেন ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্কু

আগরতলা, ২ অক্টোবর : ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্কু মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। মিজোরামের রাজধানী আইজলে রাজভবনের দরবার হলে সোমবার সকালে মিজোরামের রাজ্যপাল হিসেবে ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাঙ্কু শপথ গ্রহণ করেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্কুকে শপথাব্যাকা পাঠ করান গৌহাটি হাইকোর্টের বিচারপতি জাস্টিস নেলসন সাইলো।মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণের জন্য রাষ্ট্রপতি যে আদেশ জারি করেছেন তা পাঠ করেন মিজোরামের মুখ্যসচিব ডাঃ রেণু শর্মা। এদিনের শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃধবার সকালে নিজের এঞ্জ হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, সমগ্র দেশবাসীর পক্ষ থেকে পূজা বাপুকে তাঁর জন্মবার্ষিকীতে প্রণাম। সত্য, সম্প্রীতি ও সাম্য ভিত্তিক বাপুর

এসবিআই আয়োজিত সিএসআর-এর কর্মসূচিতে



রাজ্যের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে প্রতিকলিত করে দেশীয় পণ্যের বিস্তৃত পনিসার প্রদর্শন করা হয়েছে। সিএসআর কর্মসূচিটি স্থানীয় জনতার উপকার করার লক্ষ্যে বেশ কিছু প্রভাবশালী কর্মসূচি দ্বারা চিহ্নিত করা হয়েছে। আজকের কর্মসূচিতে এই অঞ্চলে জরুরি পরিষেবাগুলিকে উন্নত করতে একটি অ্যাপুলেস এবং একটি হার্স ভ্যান ইটানগরে অবস্থিত পুলিশের সদর দফতরের জন্য হস্তান্তর করেছেন নির্মলা। অ্যাপুলেস এবং একটি হার্স ভ্যানের প্রতীকী চাবি

থাকবেঃপ্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ছাড়াও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, কেন্দ্রীয় মন্ত্রীরাও গান্ধীজিকে শ্রদ্ধা নিবেদন করেছেন।

পরিষেবাগুলিতে জনসাধারণকে শিক্ষিত করতে গ্রামীণ এলাকায় অ্রণ করবেন সংশ্লিষ্টরা।(৪) গ্রামীণ অঞ্চলে মেডিক্যাল ক্যাম্প পরিচালনা করতে একটি মোবাইল মেডিক্যাল ইউনিট চালু করেছে সিডিবি, অর্থা এসআইডিবিআই। প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত জনগোষ্ঠীর কাছে পৌঁছাতে এই পদক্ষেপ।এই কর্মসূচিতে ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের একটি উদ্ভাবনী প্রদর্শনী ছিল। এই প্রদর্শনী পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক স্পনসর করেছে। এতে সৌর-চালিত ‘ ব্যাংক অন হুইলস’ প্রদর্শন করা হয়েছে, যার মাধ্যমে প্রত্যন্ত এবং অফ-গ্রিড এলাকায় ব্যাংকিং পরিষেবাগুলিকে টেকসই এবং অ্যাক্সেসযোগ্যতা প্রদান করা হবে।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পেন্মা খাভু, উপমুখ্যমন্ত্রী চৌনা মৈইন সহ রাজ্যের সব মন্ত্রী-বিধায়ক, মুখ্যসচিব সহ সরকারি শীর্ষ আধিকারিকগণ, রিজার্ভ ব্যাংক-এসবিআই-নার্বার্ড -সিড বি-পিএনবি-ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের শীর্ষ আধিকারিকবৃন্দ সহ অন্য অংশীদারগণ উপস্থিত ছিলেন।

প্লাস্টিকমুক্ত ত্রিপুরা গড়তে জনগণের উদ্যোগে আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী ডাঃ সাহা

আগরতলা, ২ অক্টোবর : ত্রিপুরার মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা রাজ্য জুড়ে পরিচ্ছন্নতা বজায় রাখতে এবং প্লাস্টিকমুক্ত ত্রিপুরা গড়তে জনগণের কাছে আবেদন জানিয়েছেন। বৃধবার আগরতলার উজ্জয়ন্ত প্যালেসে ‘স্বচ্ছতািই সেবা’ অভিযান চলাকালে তিনি এই আহ্বান জানিয়েছেন।মুখ্যমন্ত্রী প্লাস্টিক নিমূল করার ক্ষেত্রে সম্মিলিত প্রচেষ্টা এবং সামাজিক আন্দোলনের মাধ্যমে পরিবর্তে মানুষের জন্য সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। ডাঃ সাহা মহালয়া এবং আসন্ন দুর্গাপূজা উৎসব উপলক্ষে জনগণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন।মহালয়া প্রসঙ্গে তিনি বলেন, মহালয়া প্রতি বছর একটি অনন্য অনুভূতি নিয়ে আসে।

হরিয়ানায় দুর্নীতি সমাপ্ত করার কাজ করেছে বিজেপি:অমিত শাহ

আম্বালা, ২ অক্টোবর : হরিয়ানায় দুর্নীতি সমাপ্ত করার কাজ করেছে বিজেপি। হরিয়ানার আম্বালায় এক নির্বাচনী জনসভায় এমনটাই দাবি করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বিজেপি নেতা অমিত শাহ। তিনি বলেছেন, আগে এখানে হুড়া সাহেবের সরকার ছিল, তখন ভডি-এর বাপক প্রভাব ছিল - উত্তর, দালাল এবং দিল্লির জামাই। এই ভিডি এখানে সরকার চালাত। কিন্তু, বিজেপি দলীয় অসান শতাংশ বৃদ্ধি করেছে। এখন আমি বলছি আগামী মরসুমে ৬১০০ টাকায় গান্ধী হলেন মিথ্যা বলার মেশিন।

তারা বলছে কৃষকদের এমএসপি দেবে। আরে, রাহুল বাবা, তোমাদের দেওয়ার মতো কিছু অবশিষ্ট থাকলে তা দেবে। হরিয়ানায় নয়, সিং সাইনির আগমনের পর, বিজেপি সরকার এমএসপিতে ২৪টি ফসল কিংছে। আপনারের সরকার যখন এখানে ছিল তখন বাজার কিনত না, ৬০ শতাংশ ধান এবং ৫০ শতাংশ গম কিনত। আমরা বাজারর এমএসপি দ্বিগুণ করেছে এবং গমের ৭৫ শতাংশ বৃদ্ধি কিংছে। এমন আমি বলছি আগামী মরসুমে ৬১০০ টাকায় ধান কেনার কাজ বিজেপি করবে।

স্বচ্ছতা অভিযানের ১০ বছর, স্কুল পড়ুয়াদের সঙ্গে পরিচ্ছন্নতা কর্মসূচি প্রধানমন্ত্রীর



নয়াদিল্লি, ২ অক্টোবর :দেশতে দেখতে ১০ বছর হয়ে গেল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্বপ্নের স্বচ্ছ ভারত অভিযানের। বৃধবার মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকীতে দিল্লির একটি স্কুলে স্বচ্ছতা অভিযানে অংশ নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্কুলের ছাত্র-ছাত্রীদের সঙ্গে স্বচ্ছতা অভিযানে অংশ নেন প্রধানমন্ত্রী।ঝাড়ু হাতে নিয়ে নিজের হাতেই সাফাই অভিযানে সামিল হন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী মোদী এদিন নিজের এঞ্জ হ্যান্ডেলে জানিয়েছেন, গান্ধী জয়ন্তীতে আমার ছোট বন্ধুদের সঙ্গে স্বচ্ছতা অভিযানে অংশ নিয়েছি। আমি আপনাদের সবাইকে অনুরোধ করছি, আপনারাও এই ধরনের কোনও না কোনও কর্মসূচিতে অংশ নিন এবং একই সঙ্গে স্বচ্ছ ভারত মিশনকে শক্তিশালী করতে থাকুন।

জাপানের নতুন প্রধানমন্ত্রী হচ্ছেন শিগেরু ইশিবা, সামলেছেন একাধিক গুরুদায়িত্ব



টোকিও, ২ অক্টোবর : জাপানের নতুন তথা ১০২-তম প্রধানমন্ত্রী হচ্ছেন সেই দেশের প্রবীণ আইনপ্রণেতা ও প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী শিগেরু ইশিবা। জাপানের ক্ষমতাসীন লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি (এলডিপি) স্প্রম্তি তাকে নতুন নেতা হিসেবে বেছে নিয়েছে। আর মঙ্গলবার তাতে সিলমোহর পাচ্ছে। এলডিপি পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠ দল হওয়ায় এই দলের নেতা হিসেবে যিনি নির্বাচিত হন, তিনিই হন দেশের প্রধানমন্ত্রী।ইশিবা রান-অফ (দ্বিতীয় দফা) ভোটে ৬৭ বছর বয়সী কটর জাতীয়তাবাদী সানায় তাকাইচিকে পরাজিত করে জয় পান। প্রায় ৯ জন প্রার্থী ছিলেন এলডিপির শীর্ষ নেতা হওয়ার দৌড়ে। কয়েক দশকের মধ্যে রেকর্ড প্রার্থীর প্রতিদ্বন্দ্বিতায় এই নির্বাচনকে সবচেয়ে অনিশ্চিত এক নির্বাচন বলে গণ্য করা হয়েছে।

ডিভিসি নিয়ে হাইকোর্টে অধীর, মিলন না মামলা দায়েরের অনুমতি

কলকাতা, ২ অক্টোবর : রাজ্যের বন্যা পরিস্থিতি নিয়ে ডিভিসির উপর ক্ষোভ উগরে দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দামোদর ভ্যালি জলাধার নিয়ন্ত্রণ কমিটি থেকে রাজ্যের প্রতিনিধি প্রতাহারের সিদ্ধান্ত নিয়েছিলেন তিনি। তাঁর এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করতে চেয়েছিলেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। মামলা দায়েরের অনুমতি চেয়ে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্ছের দৃষ্টি আকর্ষণ করেন তিনি। কিন্তু মঙ্গলবার মামলা দায়েরের অনুমতি দিল না প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্ছ। পুজোর পর মামলা দাযেরের পরামর্শ দিয়েছেন প্রধান বিচারপতি।অধীরবাবু দাবি করেছেন, ‘ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন ম্যান মেড বন্যা। এ বিষয়ে আদালত উপযুক্ত তদন্তের নির্দেশ দি卡। প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি দাবি করেছিলেন, ১৯৪৮ সালের ডিসিবি অ্যাক্টের নিয়মে স্পষ্ট উল্লেখ রয়েছে, তাদের কমিটিতে পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ডের একজন করে প্রতিনিধি থাকবে। সেই কমিটি থেকে রাজ্য সরকার প্রতিনিধি প্রতাহার করেছে। বাংলার সাধারণ মানুষের স্বার্থে ডিভিসি বোর্ডে প্রতিনিধি থাকা প্রয়োজন। প্রতিনিধির অনুপস্থিতিতে যদি ডিভিসি কোনও সিদ্ধান্ত গ্রহণ করে ক্ষেক্ষে তাে দায় কার?’

আর জি কর মামলাঃহাসপাতালগুলিতে সিসিটিভি লাগানো হয়েছে কিনা জানতে চাইলো সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ২ অক্টোবর : আর জি কর মামলায় সিসিটিভি বসানোর কাজ কতদূর এগিয়েছে রাজ্য, গত সোমবার জানতে চাইল সুপ্রিম কোর্ট। রাজ্যের আইনজীবী এদিন বলেন, ২৬ শতাংশ সিসিটিভি বসানো হয়ে গিয়েছে। আগামী ১০ অক্টোবরের মধ্যে সব বসানো হবে। রাজ্যের তরফে বাকি সমস্ত নির্দেশ কার্যকর করতে আগামী ৬১ অক্টোবর পর্যন্ত সময় দেওয়া হয়। তবে ১৫ অক্টোবরের মধ্যে সিংহভাগ কাজ হয়ে যাবে বলেও জানানো হয়।এদিন রাজ্যের আইনজীবী আদালতে জানান, পশ্চিমবঙ্গের বন্যা পরিস্থিতির জন্য একটু দেরি হচ্ছে এই কাজে। তাই আরও কিছু সময় লাগবে। রাজ্যের আইনজীবী এদিন আরও জানান, ১৫ অক্টোবরের মধ্যে ২৮টি হাসপাতালে সিসিটিভি বসানো এবং শৌচাগার নির্মাণ এবং সংস্কারের সব কাজ হয়ে যাবে। এই কথা শুনে প্রধান বিচারপতি নির্দেশ দেন, ৬১ অক্টোবরের মধ্যে কাজ সম্পূর্ণ করার কথা রাজ্যকে নিশ্চিত করতে হবে।

মহারাষ্ট্রের পুণে-তে ভেঙে পড়লো হেলিকপ্টার

পুণে, ২ অক্টোবর : মহারাষ্ট্রের পুণে-তে ভেঙে পড়লো একটি হেলিকপ্টার। বৃধবার সকাল পুণে জেলার বাতধানের কাছে হেলিকপ্টারটি ভেঙে পড়ে। এই হেলিকপ্টার দুর্ঘটনায় দু’জন পাইলট-সহ ৬ জনের মৃত্যু হয়েছে। মাটিতে আছড়ে পড়ার পরই হেলিকপ্টারে আগুন ধরে যায়। খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছয় দমকল ও অ্যাম্বুলেন্স।সিপি বিনয় কুমার চৌবে বলেছেন, হেলিকপ্টার দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৬ জন। কী কারণে দুর্ঘটনা, তা তদন্ত করে দেখা হচ্ছে।

কৃষক মজদুর সভার উদ্যোগে বিভিন্ন দাবির ভিত্তিতে বাঁকুড়ার জেলা শাসকের দফতরে ডেপুটেশন

বাঁকুড়া, ২ অক্টোবরঃসারা ভারতের কৃষক মজদুর সভার উদ্যোগে বিভিন্ন দাবি দাওয়ার ভিত্তিতে বাঁকুড়ার জেলা শাসকের দফতরে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়।গত সোমবার সকালে একটি মিছিল করে জেলা শাসক দফতরতে হাজির হয় সংগঠনের নেতৃবৃন্দ।সেখানে বক্তব্য রাখেন সংগঠনের রাজ্য কমিটির সম্পাদক শুভাংশু মুখার্জি ,জেলা সম্পাদক রঘুনাথ বড়া, রাজীব কাডি, রবীন্দ্রনাথ সিংহঃশুভাংশু মুখার্জি বলেন, রাজ্যে কোনও কর্ম সংস্থান নেই, চাষি তার ফসলের ম্যুখ্য দাম থেকে বঞ্চিত,নির্দয়ীন একমাত্র বাঁকুড়া রাজ্যে ১০০ দিনের কাজ বন্ধ। গৃহহীন মানুষ আলাস যোজনায় আশার উপর ছাদ পাচ্ছেন না। বাঁকুড়া জেলায় হাতির সমস্যা ঋলন্ত রূপ দেখা দিয়েছে। হাতির হানায় মানুষের প্রান যাচ্ছে, ঘরবাড়ি ভাঙছে, ফসলের মাঠ মাড়িয়ে দিচ্ছে কিন্তু সরকারের কোনও হেলসোল নেই। বনবাসী আদিবাসী মানুষ তাদের জন্মগত অধিকার নিয়ে আদিগাল থেকে জঙ্গলে বসবাস এবং চাষাবাস করে আসছেন। তাদের দশলীকৃত জমির অধিকার থাকা সত্ত্বেও জমির পড়চা দেওয়া হচ্ছে না। উল্টে তাদের উচ্ছেদ করার চক্রান্ত চলছে। আর কিছু দিনের মধ্যেই চাষির আমন ধান খামারে তুলবে। এরজন্য গ্রামে গ্রামে শিবির করে ধান কেনার ব্যবস্থা সরকারকে করতে হবে। রাজীব কাডি বলেন, কাজ না পেয়ে এখানে বেকার যুববোরা কিন্ন রাজ্যে যাচ্ছে লক্ষাধিন শ্রমিক পরিচয়ে। কিন্তু সেখানে গিয়েও নানান বিভ্রম্নার শিকার হতে হচ্ছে। অবিলম্বে জেলা প্রশাসনও রাজ্য সরকারকে এই বিষয়ে সর্দর্ঘক পদক্ষেপ গ্রহণের দাবি জানানো হয়েছে।

পূর্ণাঙ্গ পাঞ্জিকা

১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার, ইংরেজীঃ২ অক্টোবর ২০২৪, ৫৬৯ চৈতন্যাদ, কলিঃ ৫১২৬, সৌরঃ১৬ আশ্বিন, চান্দ্রঃ ২৯ পদুনাভ মাস, ১৯৪৬ শকাব্দ, ২০৮১ বিক্রম সাম্বৎ, ২৫৬৮ বুদ্ধাব্দঃ , বাংলাদেশঃ১৭ আশ্বিন ১৪৩১, ভারতীয় সিভিলঃ১০আশ্বিন ১৯৪৬, মৈত্রৈঃ২৯ লাব্‌ন, আসামঃ১৪ আহিন, মুসলিমঃ২৭-রবিউল-আজীলা-১৪৪৬ হিজরী।সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ৩০ঃ২৩ এবং অস্তঃ বিকাল ০৫ঃ২ ১১১টাচন্দ্র উদয়ঃশেষ রাত্রি ০৪ঃ৫৪ঃ১৪(১) এবং অস্তঃ বিকাল ০৫ঃ০৯ঃ১১(২)।কৃষ্ণ পক্ষ ।তিথিঃচতুর্দশী (দ্বিতী়া)
রাত্রিঃ০৮ঃ ৪৪ঃ৩৩ রাত্র ৭ঃ৩৯২২.৫ পর্যন্তনক্ষত্রঃপূর্বফাল্গুনী
সকাল ঘ ০৯ঃ৪৭ঃ৫৯ দং ১০ঃ২৭.৭ পর্যন্ত রাত্রিতে উত্তরফাল্গুনীরপশ্চিমুনী
রাত্রিঃ ০৮ঃ৪৪ঃ৩৩ দং ৩৭ঃ৫২২.৫ পর্যন্ত পরে চতুশপদায়োগঃশুক্লঅমৃতযোগঃ দিন ০৫ঃ৩০ঃ২৯ থেকে - ০৬ঃ১৭ঃ ৫২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৫ঃ১৫ থেকে - ১১ঃ০২ঃ১২ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ৪৭ঃ০৮ থেকে - ০৮ঃ৩৫ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৯ঃ২৪ঃ২২ থেকে - ১১ঃ০৪ঃ২২ পর্যন্ত, তাপর ০১ঃ২৭ঃ২৫ থেকে - ০৩ঃ০৪ঃ৩৯ পর্যন্ত, তারপর ০৪ঃ৪১ঃ৫২ থেকে - ০৫ঃ৪০ঃ২৯ পর্যন্ত।অমৃতযোগঃ রাত্রি ০৫ঃ২১ঃ১৮ থেকে - ০৭ঃ৪৭ঃ ০৮ পর্যন্ত।কুলিকবেলাঃ দিন ১২ঃ ৩৬ঃ৫৯ থেকে - ০১ঃ২৪ঃ২২ পর্যন্ত। কুলিকরাত্রিঃ ১১ঃ৫০ঃ১২ থেকে - ১২ঃ৩৮ঃ৪৯ পর্যন্ত।বারবেলাঃদিন ০৬ঃ৫৯ঃ২০ থেকে - ০৮ঃ২৮ঃ১১ পর্যন্ত। কালবেলাঃদিন ১২ঃ৫৪ঃ৪৫ থেকে - ০২ঃ২৩ঃ৩৬ পর্যন্ত। কালরাত্রিঃ০৬ঃ৫২ঃ২৭ থেকে - ০৮ঃ২৩ঃ৩৬ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১৪ঃ২৩ঃ৩১(১৩) ২ পদস্ফুটঃ৫৫ঃ৩২ঃ৫ (১২) ৩ পদমঙ্গলঃ২১ঃ৮৩ঃ৬৫(৬) ৪ পদবৃধঃ৫১ঃ৫১ঃ৩২ (১৩) ২ পদবৃহস্পতিঃ১১ঃ৮৭১ (৫) ২ পদস্ফুঃ৬১৬৬ঃ২২ (১৫) ৩ পদশনিঃ১০ঃ৬৪ঃ৫০ (২৪) ৪ পদরাহঃ১১ঃ১৪ঃ২৪৪ (২৬) ৪ পদকেতুঃ৫১ঃ৪২ঃ৪৪ (১৩) ২ পদশনি বক্রিলপ্রঃকন্যা রাশি সকাল ০৬ঃ৪০ঃ৪৪ পর্যন্ত। তুলা রাশি সকাল ০৮ঃ৫৪ঃ৪৫ পর্যন্ত। বৃশ্চিক রাশি সকাল ১১ঃ১০ঃ৩৯ পর্যন্ত।ধনু রাশি দুপুর ০১ঃ১৫ঃ৫৬ পর্যন্ত।মকর রাশি দুপুর ০৩ঃ০২ঃ৫০ পর্যন্ত।কুম্ভ রাশি বিকাল ০৪ঃ৩৬ঃ১৪ পর্যন্ত। মীন রাশি বিকাল ০৬ঃ০৭ঃ১৭ পর্যন্ত। মেঘ রাশি বিকাল ০৭ঃ৪৭ঃ ১২ পর্যন্ত। বৃষ রাশি রাত্র ০৯ঃ৪৬ঃ ৫৫ পর্যন্ত। মিথুন রাত্র রাত্র ১১ঃ ৫৯ঃ৩৪ পর্যন্ত। কর্কট রাশি শেষ রাত্রি ০২ঃঃ৫ঃ৬ পর্যন্ত।সিংহ রাশি শেষ রাত্রি ০৪ঃ২৬ঃ৩৭ পর্যন্ত।

আবহাওয়া

একনাগাড়ে বৃষ্টির সৌজন্যে দক্ষিণবঙ্গে বৃষ্টির ঘাটতি কমেছে অনেকটাই। তাপমাত্রাও মোটামুটি স্বনিত্যকর। দক্ষিণবঙ্গে আপাতত এই বৃষ্টিপাত চলবে, কোথাও কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টিস সম্ভাবনাও রয়েছে। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.১ডিগ্রি সেলসিয়াস। বৃষ্টি ২.৫ডিগ্রি সেলসিয়াস। আপেক্ষিক আর্দ্রতা ৮৮শতকরা এবং ৬১ শতকরা। মেঘার-সকাল ৬৫ মিনিট এবং রাত ১০টা ২৫ মিনিট। ভাট-বেলা ১২টা ৫০ মিনিট এবং রাত ১ টা ২০ মিনিট। সূর্যঃউদয় ৫টা ২৯ মিনিট এবং অস্ত ৫টা ২৪মিনিট

রাশিফল

মেঘরাশিঃস্বাস্থ্যের উন্নতি করতে হবে। সংসারে শান্তি ফিরে আসবে বৃহত রাশিঃব্যাপ্তি সফল।সুখেও স্বাস্থ্য সুন্দর থাকবে, কিন্তু আপনার জীবনকে নিশ্চিন্তভাবে নেবেন না, উপলব্ধি করুন যে জীবনের প্রতি যত্নই হল আসল।
মিথুন রাশিঃআজ আপনি পিছনের সারিতে বসে আরাম করুন- এবং শখে জড়িয়ে থাকুন এবং যে জিনিসে আপনি সবচেয়ে বেশি উপভোগ করেন তাই করুন।
কর্কট রাশিঃআপনার স্বাস্থ্যের পুনরায় উন্নতির জন্য সেরা দিন। সিংহরাশিঃআপনার বাচ্চার কৃত্ত্ব আপনাকে প্রচুর আনন্দ দিতে পারে।
বৃষ রাশিঃশুভা শুভা স্বামীর উন্নতি আশা থেকে। অর্থ ব্যয় হতে পারে তুলাররাশিঃআপনি কিছু খাওয়ার সমসুন্দর হলে চরম সাহস এবং শক্তি প্রদর্শন কর প্রয়োজন।
বৃশ্চিক রাশিঃ আপনার স্বাস্থ্য এবং সৌন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। শুভ রং লাল। অর্থ ব্যয়।
ধনু রাশিঃ আপনার মুকুটের আচরণ ন্যায়োগ আকর্ষণ করবে। বাড়িতে অতিথি আসবে। বিবাহের যোগ।
মকর রাশিঃআপনার বিবাহটি আস্থা এবং সহজ কাজের সময়সূচী আপনাকে আজ আনন্দ করবে।
কুম্ভ রাশিঃবিদেশযাত্রা শুভ দিন হবে আজ। বিবাহের যোগ হবে।
মীন রাশিঃ সন্তান হতে পারে আজ। আর্থিক উন্নতি হতে পারে। বিবাহের যোগ হবে আজ। যোগাসন দরকার সকল ব্যক্তির কাছে।

আজ শুভ মহালয়া, দেবীপক্ষের সূচনা



দূরন্ত বার্তা, কলকাতা, ২ অক্টোবর : আজ শুভ মহালয়া। দেবীপক্ষের সূচনা। প্রতি বছরই এই দিনে পিতৃ পুরুষকে শ্রদ্ধা জানাতে হাজির হন বহু মানুষ। সকাল থেকেই মুঘল ধারায় বৃষ্টি তার মধ্যেও পূর্বপুরুষদের স্মৃতি তর্পণে গঙ্গার ঘাটে ঘাটে এদিন উপচে পড়া ভিড়। উল্লেখ্য, সনাতন ধর্মানুযায়ী দেবীপক্ষের সূচনায় অমাবস্যার ক্ষনের মধ্যে তর্পণ করা হয়। চণ্ডিতে মহালয় বলতে পিতৃলোককেই বোঝানো হয়। তর্পণের মাধ্যমে তাই পূর্বপুরুষদের প্রতি শ্রদ্ধানিবেনন করা হয়। হিন্দু ধর্মানুসারে কোনও শুভ কাজের আগে পূর্বপুরুষদের স্মরণ করার প্রথা রয়েছে। আবার অনেকে শান্তির উদ্দেশ্যে তর্পণ করে থাকেন। এই তপর্পের সঙ্গে কেবল শাস্ত্র নয়, পুরাণেরও যোগ রয়েছে। সেই কারণেই তর্পণ মন্ত্রে বলা হয়ে থাকে, তৃপ্যন্ত সর্বমানবা। অর্থাৎ মানবজাতিকে তৃপ্ত করার দিন। এদিন প্রবল বৃষ্টি উপেক্ষা করে লাজে কদমতলা ঘাটে তর্পণ প্রত্যাশী মানুষের ভিড়।তর্পণ এর জন্য এদিন গঙ্গা ঘাট গুলিতে বাড়তি নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। মোতায়েন করা হয়েছে পুলিশ। রাখা হয়েছে ডুবুরি ও ইমার্জেন্সী বোট।

আর জি করে তিলোত্তমার মূর্তি না করে স্মারক করা যেতে পারে : শুভেন্দু

নন্দীগ্রাম, ২ অক্টোবর : মহালয়ার পূণ্য তিথিতে নন্দীগ্রামের সেনাচূড়াতে শহীদ পরিবার ও ভূমি আন্দোলনে আহতদের পাশাপাশি নন্দীগ্রামের কিছু প্রান্তিক মানুষকে পূজার উপহার তুলেদেন রাজ্যের বিরোধী দলনেতা তথা নন্দীগ্রামের বিধায়ক শুভেন্দু অধিকারী। অনুষ্ঠান শুরুর আগে আর জি করের মৃত ডাক্তারের আত্মার শান্তি কাননায় গীতা পাঠও হয়। অনুষ্ঠান শেষে সাংবাদিকদের মুখোমুখি হন শুভেন্দু অধিকারী। জুনিয়ার ডাক্তররা আজ আর জি করে অভয়ার একটি মূর্তি স্থাপন করবে। কুনাল ঘোষ বলছে এটা করা যাবে নাকোন দ্বায়িত্বশীল ব্যক্তি এটা করতে পারেনা। এই নিয়ে শুভেন্দুর অধিকারী বলেন জুনিয়ার ডাক্তররা যা করছেন এটা তাদেরকে সিদ্ধান্ত, তবে মূর্তি না করে স্মারক করা যেতে পারে। গতকাল পিতৃপক্ষে মমতা বন্দ্যোপাধ্যায়ের পূজো উদ্বোধন নিয়ে শুভেন্দু বলেন উনি ভালো জিনিষ গ্রহণ করছেন। খারাপ কিছু নয়, আমরা সুপারমার্শ দিয়েছিলাম হয়তো গ্রহণ করছেন।প্রসঙ্গত আজ বেশ কিছু পূজোর ভার্চুয়ালি উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। সেই নিয়ে শুভেন্দু বলেন মুখামন্ত্রী যাদের চোখে দিয়ে দেখছেন সেই পুলিশ ঠকাছে মুখ্যমন্ত্রীকে।

আর জি কর হাসপাতালে অভয়া স্মরণে আবক্ষ ও ভাস্কর্য মূর্তি স্থাপন

কলকাতা, ২ অক্টোবর : আর জি কর হাসপাতালের মহিলা পিঞ্জিটির রহস্যমত্বুর ঘটনায় জুনিয়ার চিকিৎসকদের প্রতিশ্রুতি শেষ পর্যন্ত রক্ষা হয়েছে। মহালয়ার পূর্ণাঙ্গলে প্রাণিানাম বিল্ডিং এর সামনে ফাঁকা জায়গায় তা বসানো হয়েছে। যদিও তার সঙ্গে চেহারার কোনও মিল নেই খুন হয়ে যাওয়া তিলোত্তমার। বিনা পারিশ্রমিকে ফইবার দিয়ে তৈরি আবক্ষ ও ভাস্কর্য মূর্তি গড়ে দিয়েছেন শিল্পী অসিত সাঁই। উল্লেখ্য, সন্টলেকের স্বাস্থ্যভবনের সামনে অবস্থান বিক্ষোভ কর্মসূচি চলাকালীন সময়ে ওই ঘোষণা করা হয়েছিল। এরপর তা স্থাপনের উদ্যোগ নেওয়া হয়। এক নারীর যন্ত্রণা কাতর অভিব্যক্তি ফুটে উঠেছে অভয়ার স্মরণে নির্মিত আবক্ষ ভাস্কর্য মূর্তিতে। নারীকীয় বর্বরতার শিকার পোস্ট গ্র্যাডুয়েট ট্রেনি অভয়া স্মরণে ক্রাই অফ দ্য আওয়ার।সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে এবং শোকের আবহেই তা বুধবার স্থাপন করা হয়েছে আর জি কর হাসপাতালেই।

সুন্দরবনের কেখালীতে টেলিস্কোপে উঠে এলো বিরল ধূমকেতু

দূরন্ত বার্তা, কুলতলি, ২ অক্টোবরঃ মহাজাগতিক ঘটনার সাক্ষী থাকলে সাধারণ মানুষ। পৃথিবীর আকাশে ঘুরে গেল ধূমকেতু সি২০২৩ এ-গ্রি।আর এটা দেখার জন্য টেলিস্কোপে চোখ লাগিয়ে বসেছিলেন জ্যোতির্বিজ্ঞানীদের সংগঠন। অবশেষে ক্যামেরায় ধরা পড়ল অত্যন্ত বিরল এই ধূমকেতু।দূরত্ব সম্পর্কে ধারণা করাটো কঠিন। পৃথিবীর আকাশে উঁকি দিয়ে যাওয়া ধূমকেতুদের বেশির ভাগ যে জায়গা থেকে আসে বলে মনে করা হয়, ধূমকেতুদের সেই ‘আতুড়ঘর’ পৃথিবী থেকে ঠিক কতটা দূরে? মহাকাশবিজ্ঞানীদের বক্তব্য, প্রাথমিক ধারণায় বলা যায়, ধূমকেতু আসে প্লুটোরও বহু দূর থেকে। তার নাম, মহাকাশ বিজ্ঞানীদের পরিভাষায় ‘উট কন্টে ক্লাউড’।এতটাই দূরে সে জায়গা যে, সেকেন্ডে ৬ লক্ষ কিলোমিটার বেগে ছুঁতে থাকে ওই তল্লাট থেকে আলোর সূর্য পর্যন্ত আসতেই ২ বছরের কাছাকাছি সময় লেগে যায় ধূমকেতুর। ১৯৭৭ সালে পৃথিবী ছেড়ে মহাকাশে পাড়ি দেওয়া ভয়েজার-১ এখন যে গতি চলছে, সেই গতিতে এগোতে থাকলে আরও ৩০০ বছর পর তার উট কন্টে ক্লাউডে পৌঁছোনের সম্ভাবনা আছে বলে মনে করা হয়।কঙ্কনার ও বাইরে থাকা এমনই এক দূরত্ব পাড়ি দিয়ে পৃথিবীর কাছ দিয়ে ঘুরে



পুজোয় যেন বিষাদের সুর

হাওড়ায় রাতের শহরে ঘাতক লরি পিষে দিল স্বামী-স্ত্রী সহ তিন বাইক আরোহীকে

সুমন আদক, হাওড়া,২ অক্টোবরঃ পূজোর শুরুতেই যেন বিষাদের সুর। হাওড়ায় রাতের শহরে ঘাতক লরি পিষে দিল স্বামী-স্ত্রী সহ তিন বাইক আরোহীকে।মহালয়ার আগের দিন মঙ্গলবার গভীর রাতে মর্মান্তিক ওই পথ দুর্ঘনায় মৃত্যু হয়েছে ৩ জনের। এদের মধ্যে এক দম্পতি এবং তাঁদের এক বন্ধু রয়েছিল। এরা ছিলেন একই মোটর বাইকে। জানা গেছে, হাওড়ার লিলুয়ার আনন্দনগরের বাসিন্দা সুজয় মজুমদার, রিক্সি মজুমদার এবং তাঁদের এক বন্ধু সৌরভ দাস লিলুয়া থেকে ডানকুনি যাওয়ার পথে দুর্ঘটনাটি ঘটে। লরির চাকায় পিষ্ট হন এরা। পুলিশ ঘটনাস্থলে এসে এদের উদ্ধার করে উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তিনজনকেই মৃত ঘোষণা করেন। এই ঘটনায় লিলুয়ার

শোকের ছায়া নেমে আসে। পুলিশ সূত্রে জানা গেছে, ডানকুনির দিকে যাওয়ার সময় বালিহন্ট সিসিআর ব্রিজের উপর ওই দুর্ঘটনাটি ঘটে। নিশ্চিন্দা থানা এবং বালি ট্রাফিক গার্ডের পুলিশ এদের উদ্ধার করে উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে পাঠালে সেখানে এদের ৩ জনকেই মৃত ঘোষণা করা হয়। মৃতদের নাম সুজয় মজুমদার, রিক্সি মজুমদার এবং সৌরভ চন্দ্র দাস। এরা সকলেই লিলুয়ার আনন্দনগরের বাসিন্দা বলে জানা গেছে। ঘাতক গাড়িটির খোঁজ মেলেনি। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। এই মর্মান্তিক দুর্ঘটনা প্রসঙ্গে বন্ধু আকাশ সামন্ত বলেন, রাত আড়াইটে নাগাদ থানা থেকে ফোন করে দুর্ঘটনার খবর দেয়। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে দেখি ৩ জনকেই গাড়িতে পিষে দিয়েছে।



এরা ৩ জন একই বাইকে করে যাচ্ছিল। কোথা থেকে ওরা আসছিল তা জানা যায়নি। বাইকে স্বামী, স্ত্রী এবং তাদেরই এক বন্ধু

ছিলেন। তাঁদের উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে মৃত বলে ঘোষণা করা হয়। পরে বাড়িতে জানানো হয়।

জাল নোট দিয়ে কেনাকাটা করতে গিয়ে ধরা পড়ল তিন যুবক

বনস্পতি দে, হুগলি, ২ অক্টোবরঃ জাল নোট দিয়ে কেনাকাটা করতে গিয়ে ধরা পড়ল তিন যুবক! ধৃতদের কাছ থেকে ১৫ টি ৫০ টাকার জাল নোট উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে খবর, মঙ্গলবার রাতে বৈচিত্র্যম চৌরো ডাকারে কয়েকটি দোকানে গিয়েছিলেন তিন যুবক কেনাকাটা করছিলেন। প্রত্যেককেই ৫০ টাকার নোট দিচ্ছিলেন তাঁরা। এক ব্যবসায়ীর নোট দেখে সন্দেহ হয়। বাজারের অন্য ব্যবসায়ীদের বিষয়টি জানান। সেই নোট তারা

যাচাই করেন। দেখা যায় একই নম্বরের নোট সব গুলি। এরপরই পাণ্ডুয়া থানায় ফোন করে খবর নেন ব্যবসায়ীরা। দ্রুত পুলিশ পৌঁছয়। হাতেনাতে ধরে ফেলেন তিন জনকে। পুলিশ জানিয়েছে, পাণ্ডুয়ার বৈচিত্র্যমে চৌরো থেকে তিনজনকে গ্রেফতার করা হয়।ধৃতরা হল শেখ নাজিমুদ্দিন, শেখ রোহান, শেখ আরমান। তাঁদের প্রত্যেকেরই বাড়ি পাণ্ডুয়ার বোসপাড়া এলাকায়। পুলিশ নোট জাল হলে তা যাচাইয়ের সম্ভাবনা কম থাকে।বড় নোট

পুলিশের ডিএসপি ফ্রাইম অভিজিৎ সিনহা মহাপাত্র জানিয়েছেন, পাঁচ দিনের পুলিশ হেফাজত চেয়ে বুধবার ধৃতদের আদালতে পাঠানো হয়েছে। তাদের জেরা করে এই জাল টাকার সোর্স জানার চেষ্টা করা হবে। সাধারণত দেখা যায় বড় অঙ্কের নোট জাল করে জালিয়াতরা। কিন্তু এক্ষেত্রে ছোটো ৫০ টাকার নোট জাল হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ছোটো নোট জাল হলে তা যাচাইয়ের সম্ভাবনা কম থাকে।বড় নোট

হাতে নিয়ে নড়েচড়ে দেখা হয়। সম্ভবত তাই ছোটো নোট জাল করার প্রবণতা বাড়ছে। পাণ্ডুয়ার ধৃতরা দিন মজুর, তাঁরা এই নোট কোথা পেলা, কীভাবে এই নোট তাঁদের কাছে এল, তাঁদের সঙ্গে আরও কেউ আছে কিনা, তা খতিয়ে দেখছে পুলিশ। শেখ রকিব নামে এক ব্যবসায়ী বলেন, “দশ কুড়ি টাকা করে জিনিস কিনে পঞ্চাশ টাকা দিচ্ছিল। আমি তখনে বুঝতে পারিনি,তারপর আলো তলায় রেখে দেখি ওটা নকল টাকা।

এ্যাথলেটিক ক্লাবের উদ্যোগে মহিলা পরিচালিত দশম শারদীয়া দুর্গোৎসবের ভার্চুয়াল উদ্বোধন

মতিয়ার রহমান, উলুবেড়িয়া, ২অক্টোবরঃ পিতৃপক্ষের সমাপন মহালয়ার দিন উলুবেড়িয়া নোনা এ্যাথলেটিক ক্লাবের উদ্যোগে মহিলা পরিচালিত দশম শারদীয়া দুর্গোৎসবের ভার্চুয়াল উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার বিকেলে মুখ্যমন্ত্রীর ভার্চুয়াল উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে মন্ডপে উপস্থিত ছিলেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও পূর্ত মন্ত্রী পুলক রাও, আরো উপস্থিত ছিলেন হাওড়া জেলা গ্রামীণ পুলিশ সুপার শ্রীমতী স্বাতী ভাঙ্গালিয়া, উলুবেড়িয়া মহকুমা



শাসক মানষ কুমার মন্ডল, বিধায়ক বিদেশ রঞ্জন বসু, উলুবেড়িয়া পৌরসভার পৌর প্রধান অভয়

কুমার দাস, উপপৌরপ্রধান সেখ ইনামুর রহমান,চেয়ারম্যান ইন কাউন্সিল সেখ আকবর আলি,

কলকাতায় পে লোডারের ধাক্কায় পড়ুয়ার মৃত্যু, ক্ষোভে ফুঁসছেন স্থানীয়রা

কলকাতা, ২ অক্টোবর : দেবীপক্ষের সূচনাতেই মর্মান্তিক দুর্ঘটনার সাক্ষী শহর কলকাতা। দুর্ঘটনায় মৃত্যু হল এক নবম শ্রেণির পড়ুয়ার। বুধবার সকালে দক্ষিণ কলকাতার বাঁশদ্রোণীতে এই মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে। জানা গিয়েছে, এদিন সকালে কোটিং সেন্টারে পড়তে যাচ্ছিল ওই কিশোর। কিন্তু রাস্তায় একটি পে লোডার নিয়ন্ত্রণ হারিয়ে তাকে পিষে দেয়। ঘটনায় এলাকায় তীব্র উত্তেজনার সৃষ্টি হয়েছে। রাস্তার হাল বেহাল ও তার জেরেই এই দুর্ঘটনা বলে দাবি করে ক্ষোভ প্রদর্শন করেন স্থানীয়দের একাংশ।

তাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে এই এলাকার রাস্তা বেহাল হয়ে পড়ে রয়েছে। আর তার ফলেই এই মৃত্যুর ঘটনা ঘটল। স্থানীয় সূত্রে খবর, সাইকেল নিয়ে ওই পড়ুয়া কোটিং সেন্টারে যাচ্ছিল। পে লোডারটি আসছে দেখে, সে দাঁড়িয়ে ও যায়। কিন্তু নিয়ন্ত্রণ হারিয়ে পে লোডারটি তাকে ধাক্কা মারে। কলকাতা পুরসভার ১১৬ নম্বর ওয়ার্ডের দীনেশ নগর অটো স্ট্যান্ড-এর কাছে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার পরেই রক্তাক্ত অবস্থায় ওই পড়ুয়াকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করলে ধুক্কায়া পরিস্থিতির সৃষ্টি হয়। ঘাতক পে-লোডারটির উপর ভাঙচুর চালায় উত্তেজিত জনতা।



মহাত্মা গান্ধীর জন্মদিনে স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের অধীন নির্মল বাংলা তৈরির লক্ষ্যে রাজ্য পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের সহযোগিতায় হরিপালের এই অঞ্চলে স্বচ্ছতা কি সেবা কর্মসূচি পালন করা হলো। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী বোচারাম মামা, হরিপালের বিধায়ক মান্নীয়া ডাঃ করবী মামা, হরিপালের বিডিও পারমিতা ঘোষ, হরিপাল পঞ্চায়েত সমিতির সভাপতি সুচন্দ্রা ঘোলে অধিকারী সহ-সভাপতি বাবুল গায়েনসহ সরকারি আধিকারিকগণ ও জনপ্রতিনিধিবৃন্দ। অনুষ্ঠানে মন্ত্রী বোচারাম মামা বলেন জাতির জনক

মানুষকে সচেতন করতে পারলে নির্মল বাংলা অন্যায়সে গড়ে তোলা সম্ভব এটাই অন্যায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অঙ্গীকার।

তিনি জানান সারা রাজ্যেই এই কর্মসূচি পাালিত হবে। মন্ত্রী বোচারাম মামা আজ ঝাঁটা হাতে স্বচ্ছতা অভিযানে অংশ নেন।

বিজেপি নেতাদের বাড়িতে ভাঙচুরের জেরে উত্তেজনা

কলকাতা, ২ অক্টোবর : বুধবার সকাল থেকেই কোচবিহার জেলার তুফানগঞ্জ শহরে দুই স্থানীয় বিজেপি নেতার বাড়ি ভাঙচুরের ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে। মঙ্গলবার গভীর রাতে নেতাদের বাড়িঘর ভাঙচুর করা হয়। যে বিজেপি নেতাদের বাড়ি ভাঙচুর করা হয়েছে তারা হলেন তুফানগঞ্জ শহর বিজেপি যুব শাখার সম্পাদক নিমাই দাস এবং দলের পঞ্চায়েত কমিটির সদস্য সুবল বর্মা। উভয় নেতার অভিযোগ, মঙ্গলবার গভীর রাতে তৃণমূল কংগ্রেস সমর্থকরা মোটারসহিকেলে করে আন্দ্রান ফুলবাড়ি এলাকায় পৌঁছে তাদের বাড়িঘর ভাঙচুর করে।নিমাই দাস বলেন, আমাদের পরিবারের সদস্যদেরও প্রাণনাশের হুমকি দিয়েছে ক্ষমতাসীন দলের ওগুারা। আমরা তাম্ক্ষণিক পুলিশকে খবর দিলেও পুলিশ এসে বিধারিত তদন্ত না করে চলে যায়। পরে আমরা স্থানীয় থানায় একাধিকবার ফোন করলেও তারা আসতে রাজি হয়নি। তিনি আরও দাবি করেছেন যে

তাকে অতীতে বহুবার শাসক দলের গুন্ডারা মারধর করেছে। তিনি বলেন, এর আগেও কয়েকবার আমার বাড়ি ভাংচুর হয়েছে। প্রতিবারই স্থানীয় থানায় জানিয়েছি, কিন্তু পুলিশ কোনো ব্যবস্থা নেয়নি।যদিও তৃণমূল কংগ্রেসের তুফানগঞ্জ শহর ব্লক সভাপতি হামলার পিছনে তাঁর দলের সমর্থকদের হাত থাকার অভিযোগ অস্বীকার করেছেন।

তাঁর মতে, মঙ্গলবার রাতের ঘটনা স্থানীয় সমস্যার ফল এবং এতে তৃণমূল কংগ্রেস কর্মীদের কোনও ভূমিকা ছিল না।প্রসঙ্গত, এই বছর লোকসভা নির্বাচনের পর থেকে কোচবিহার জেলার একাধিক এলাকায় উত্তেজনা অব্যাহত রয়েছে। বিজেপি নেতৃত্ব দাবি করেছে যে কোচবিহার লোকসভার প্রাক্তন সদস্য এবং প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নীশীথ প্রামাণিক গত নির্বাচনে পরাজিত হওয়ার পর থেকে তাদের সমর্থকদের উপর হামলা বেড়েছে।

জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৫ তম জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি নববারাকপুর পুরসভার

নববারাকপুর, ২ অক্টোবরঃ বুধবার সকালে জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৫ তম জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি জানাল নববারাকপুর পুরসভা। পুরসভার ১৩নং ওয়ার্ডে পূর্ব কোদালিয়া গান্ধী স্মারক উদ্যানোচ্যতকা কাটা গান্ধী মূর্তিতে মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জানান পুরসভার পুরপ্রধান প্রবীর সাহা, স্থানীয় পুর প্রতিনিধি নীতা দে, পুরসভার বর্তমান বড় বাবু দেব প্রসাদ রাহা , পুর প্রতিনিধি মিহির কুমার দে, নির্মিকা বাগচী, ওয়ার্ডের সক্রিয় কর্মী বাসুদেব চক্রবর্তী সহ বিশিষ্ট জনেরা। পুরপ্রধান বলেন গান্ধীজির চিন্তাধারার প্রতি সম্মান জানিয়ে জাতি সংঘ এই দিনটিকে আন্তর্জাতিক অহিংসা দিবস হিসেবে পালিশ এসে বিধারিত তদন্ত না করে চলে যায়। পরে আমরা স্থানীয় থানায় একাধিকবার ফোন করলেও তারা আসতে রাজি হয়নি। তিনি আরও দাবি করেছেন যে



সঙ্গে সংযুক্ত করেছিল। রবীন্দ্রনাথ ঠাকুর গান্ধীজিকে মহাত্মা উপাধি দিয়েছিলেন।

মহাত্মা গান্ধী কে সর্বপ্রথম জাতির পিতা বলে সম্বোধন করেছিলেন সুভাষ চন্দ্র বসু। স্বাধীনতা আন্দোলনে গান্ধীজির দেশপ্রেম অহিংসা আন্দোলন নেতৃত্বের ক্ষমতা আরোও বেশি মানুষ কে স্বাধীনতা আন্দোলনের

দক্ষিণবঙ্গে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস, পুজোর আবহে অস্বস্তির বার্তা

কলকাতা, ২ অক্টোবর : নিম্নচাপ কাটতেই চড়া রোদ, সঙ্গে ভ্যাপসা গরম। আশ্বিন মাসেও গরমের দাপটে অস্বস্তি দক্ষিণবঙ্গে। এই আবহে খানিকটা স্বস্তির বার্তা শোনাল আলিপুর আবহাওয়া দফতর। কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে গরম থেকে স্বস্তি মিললেও, পুজোর সময় বৃষ্টি হলে ভোগান্তি হতে পারে। দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গের জেলাগুলিতেও বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে।আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ৭ অক্টোবর পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। তারপরেও বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। এই মুহূর্তে পূজো মণ্ডপ গুলিতে চলছে শেষ মুহূর্তের কাজ। কিন্তু, বিক্ষিপ্ত বৃষ্টি মণ্ডপ তৈরির কাজে বাধা-বিঘ্ন সৃষ্টি করছে। ফলে নির্দিষ্ট সময়েই মধ্যে কাজ শেষ করতে পারবেন কি-না, তা নিয়ে দুঃশ্চিন্তায় উদ্ভোক্তারা।

অল্পের জন্য প্রাণে বেঁচে গেলেন চালক ও খালাসি

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ২ অক্টোবরঃ মহালয়ার সকালে জয়নগরে ভয়াবহ পথ দুর্ঘটনা। নিয়ন্ত্রণ হারিয়ে পাঁচিল ও গেট ভেঙে বাগানে ঢুকে পড়ল একটি মালবাহী গাড়ি। অল্পের জন্য প্রাণে বেঁচে গেলেন মালবাহী গাড়ির চালক ও খালাসি। বুধবার সকালে জয়নগর থানার অন্তর্গত উওর জুরাপুর এলাকায় মানুষ একটি দোরাুলো আওয়াজে চমকে ওঠে। সাথে সাথে তারা বাইরে বেরিয়ে দেখেন, কলকাতা থেকে জয়নগর গামী একটি কাঁচ বোম্বাই মালবাহী গাড়ি দ্রুত গতিতে নিয়ন্ত্রণ হারিয়ে কুর্ণপি রোডের পাশে শ্যামসুন্দর মন্দিরের গেটের ঠিক উল্টোদিকে পাঁচিল ও গেট ভেঙে বাগানের মধ্যে ঢুকে পড়ে। এলাকার মানুষ ঘটনাস্থলে পৌঁছে দুর্ঘটনাগ্রস্থ গাড়ির মধ্যে থেকে চালক ও খালাসিকে বের করে।দুর্জননেই প্রাণে বেঁচে গেলেও সামান্য জখম হনাখবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় জয়নগর থানার পুলিশ এবং ঠিক কিভাবে এই দুর্ঘটনা ঘটলো সে ব্যাপারে তদন্ত শুরু করে।এর পরে এদিন দুপুরে ফ্রেন এনে দুর্ঘটনা গ্রস্থ গাড়ি টিকে উদ্ধার করে পুলিশ।এবং এই গাড়ির চালক ইলিয়াস আলি ও খালাসি সাজু বোরাকে আটক করে জয়নগর থানায় নিয়ে যায়।

আলোই ঈশ্বরের প্রতিবিশ্ব দূরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ৩০৪ সংখ্যা, বৃহস্পতিবার, ১৬ অশ্বিন, ১৪৩১

অতীত জীবনকে ভুলে যেতে হবে

যোগী আদিত্যনাথ পরিস্কার করে বলে দিয়েছেন উত্তর প্রদেশে থাকতে গেলে অতীত জীবনকে ভুলে যেতে হবে। নতুন জীবন নিয়ে শান্তিপূর্ণভাবে বাঁচতে হবে। নাহলে উত্তর প্রদেশ ভাগ করতে হবে। এছাড়া আর দ্বিতীয় কোনও পথ খোলা নেই। আতিকের পুত্র কে যেদিন পুলিশের এনকাউটারে মারা গেল সেদিন পুলিশের জয়ধ্বনি শুনতে পারা গিয়েছিল। এবারে একেবারে পুলিশ বেল্টনির মধ্যে বহু সাংবাদিকদের সমানে আততায়ী জয় শ্রীমার ধ্বনি দিতে দিতে আতিককে লক্ষ্য করে গুলি করে হত্যা করে পুলিশের কাছে আত্মসমর্পণ করলো। দাগী আসামিদের বহু বার সতর্ক করে দেওয়া হয়েছিল। ভদ্র হয়ে চলার পথ বাতলে দেওয়া হয়েছিল। কিন্তু রক্তে যাদের দুর্নীতি মুশে গিয়েছে তাদেরকে সংশোধন করাটা কুবই


সম্পাদকীয় মশকিলা। সহজে তারা সংশোধন হতে চায় না। জনপ্রতিনিধিরা আগে কী অবস্থায় ছিলেন তারপরে তিনি নির্বাচনে জিতে জনপ্রতিনিধি হয়ে কী হয়েছেন তা কি কোনও দিন ঘরে বসে আত্ম সমালোচনা করেছেন। বা নিজের অতীতের চেহারার সঙ্গে বর্তমান জনপ্রতিনিধি হওয়ার চেহারার সঙ্গে মিলিয়েছেন। পশ্চিমবঙ্গে সর্বহারা মুখ্যমন্ত্রী ছিলেন প্রফুল্ল চন্দ্র সেন, অজয় মুখার্জি, সিদ্ধার্থ রায়। সেই সব সর্বহারা মুখ্যমন্ত্রীদের আর পশ্চিমবঙ্গ সরকার দেখতে পাবে না। মনে আছে সেই সময়ে কংগ্রেসের একটি পত্রিকা ছিল ‘জনসেবক’। সেই কংগ্রেসী দৈনিক ‘জনসেবক’ প্রকাশে পশ্চিমবঙ্গের রূপকার বিধানচন্দ্র রায়ের কাজের সমলোচনা করেছিল প্রথম পাতায়। তা নিয়ে রাইটার্স বিপ্লিৎসে তোলাপাড় হয়ে গিয়েছিল। সেই সময়ে বিধান চন্দ্র রায় জনসেবক পত্রিকার সাংবাদিকদের ডেকে কোনও রকম হুমকি দিতে পারেননি। আজকে সেই দিনের কথাকে স্মরণ করাও চলবে না। কেন্দ্রীয় সরকার কোনও দিন আদানি কাণ্ড নিয়ে মুখ খুলবে না। টাটাদের ব্যাপারে মুখ খুলবে না। কোনও শিল্পপতিদের দিকে তারিকয়ে মুখ খুলবে না। কারণ ভারতের অর্থনীতিতে নির্ভর করে এই সব শিল্পপতিদের ওপরে। তাদের শিল্প নীতির সিদ্ধান্তে ভারতবর্ষ শিল্প এর দিক দিয়ে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। পাশেই চিন রয়েছে। তারা চাইছে ভারতের শিল্প পরিস্থিতি এবং কৃষি পরিস্থিতিচাকে একেবারে নষ্ট করে দিতে। সেটা কিন্তু করবেন না মোদি। শিল্পপতিদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করতে গেলে ভারতের আর্থিক অবস্থার ওপরে এসে আঘাত করতে থাকবে। কংগ্রেস আমলেও শিল্পপতিদের তোয়াজ করে কাজ করে গিয়েছেন প্রধানমন্ত্রী নেহরু। জাতির জনক মহাত্মা গান্ধিও বাজাজ এর মতো শিল্পপতিদের ঘরে গিয়ে ভোজন করেছেন। গল্প করেছেন আবার জাতীয় তহবিলে জন্য অর্থ সংগ্রহ করেছেন। কংগ্রেস দলটা চালাতো ভারতের শিল্পপতিদের দানের টাকা ওপরে। তাদের একটি মাত্র উদ্দেশ্য ছিল ব্রিটিশ ভারত থেকে চলে গেলে ব্রিটিশ শিল্পগুলি তারা কিনতে নিয়ে চালাবে। ভারত স্বাধীনতা লাভ করলে সেটাই দেখতে পাওয়া গিয়েছিল। ব্রিটিশ শিল্পগুলি ভারতীয় শিল্পপতিরা কিনতে শুরু করে। তারপরে ভারতের শিল্পপতিরা পরে শিল্প জগতের পরিবর্তন হতে শুরু করলে সেগুলি আর চালাতে পারেনি।

উন্নতি হচ্ছে চিনের মূল লক্ষ্য

চিন দেশটি হচ্ছে কাজের দেশ। তারা কাজ করতে ভালোবাসে। তারা কোনও সময়ে কাজ ফেলে রেখে শুখা রাজনীতি করে না। চিন দেশের ক্রাফা আন্দোলন করতে গিয়েছিল সরকারের বিরুদ্ধে। ছাত্র আন্দোলনকে সমন করতে চিন সেনা বাহিনী দিয়ে টাঙ্ক চালিয়ে দিয়েছিল। চিন পরিস্কার করে বলে দিয়েছে যে দেশের উন্নয়নের ক্ষতি করে কোনও আন্দোলন করা চলবে না। কাজ করতে হবে। তবেই খাবার পাশে। না হলে শুকিয়ে থাকতে হবে। তার ফলে চিন আত্মকে এত শক্তিশালী হতে পেরেছে। বিশ্বের সবচেয়ে ধনী দেশ হিসাবে চিন পরিচিত হতে শুরু করে দিয়েছে। আগামী দিনে ডলারকে পিছনে ফেলে চিনের টাকা বিশ্বকে বিনিয়োগ মাধ্যম হিসাবে গ্রহণ করতে হবে। আমেরিকার ডলারের তখন কোনও মূল্য থাকবে না। সেই দিকে চিন এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। কিন্তু ভারত এখন চিনের সঙ্গে কোনও রকমভাবে কোনও দিক দিয়ে সমক্ষ হচ্ছে পারছে না। চিনের জনসংখ্যাকে ছাপিয়ে ভারত চলে গেলেও চিনের মতো উন্নত দেশে পরিণত হতে পারছে না। চিন যেভাবে কৃষি থেকে শুরু করে প্রযুক্তিতে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে তাতে তাদের হাতের মুঠোর মধ্যে রয়ে গিয়েছে বিশ্বের বাজার অর্থনীতি। সব দেশকে চিনা পণ্য ক্রয় করতে হচ্ছে। ভারতকে

সম্পাদকীয় চিনা পণ্য ক্রয় করতে হচ্ছে। সীমান্তে চিনের সেনাদের সঙ্গে ভারতীয় সেনাদের মুখোমুখী দাঁড়িয়ে হাতাহাতি করলেও চিনের সঙ্গে ভারতের ব্যবসা বাণিজ্য বন্ধ হয়ে যায়নি। রীতিমতো চিনা পণ্য ভারতকে কিনতে হচ্ছে। চিন রাসায়নিক দ্রব্য ক্রয় না করতে পারলে ভারতের ওষুধ কারখানাগুলি দরজা বন্ধ করে দিতে হবে। সম্ভাব্য পণ্য দিতে পারে একরকম করা। অতিরিক্ত মুনাফা দিকে নজর না দিয়ে অতি সামান্য লাভে বাজারে চিনা পণ্য পৌঁছে দিতে চিন কোনও সময়ে কসুর করে না। কিন্তু ভারত সেই দিক দিয়ে বলতে গেলে চিনের থেকে পিছিয়ে। ভারত শিল্পের দিক দিয়ে উন্নতি লাভ করতে পেরেছিল ব্রিটিশদের কাছ থেকে। তখন ভারতীয় পণ্য ইউরোপের বাজার বলতে গেলে দখল করে নিয়েছিল। ভারতীয় পণ্যের বাজার আন্তর্জাতিকে খ্যাতি অর্জন করতে শুরু করেছিল। কিন্তু আজকে সেই স্থানটি দখল করে নিয়েছে চিন। ভারতকে পিছন ফেলে চিন সামনে দিকে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। ভারত সেখানে কোনও কিছুই করতে পারছে না। চিনের উন্নতির গতির কাছে ভারত পরাস্ত হতে শুরু করে দিয়েছে এটা না বলে থাকতে পারা যাচ্ছে না। চিন দেশটা যেভাবে বিশ্বের কাছে অতি প্রযোজনীয় দেশ হিসাবে গৃহীত হতে শুরু করে দিয়েছে বা স্বীকৃতি লাভ করতে শুরু করে দিয়েছে সেখানে ভারতের স্থান কোথায়। বাংলাদেশে পদ্মার সেতু তৈরি করলো চিন দেশের একটি সংস্থা। সেটা কিন্তু ভারতের কোনও সংস্থা তৈরি করতে পারলো না। বলা যেতে পারে সেতু নির্মাণ করতে যে বাজেট দিয়েছিল বাংলাদেশ সরকার সেখানে ভারতের শিল্পপতিরা নারাজ হয়ে থাকতে পারে।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী



তিনি সব সময়ে বিজয়ের মুকুট পরে থাকেন। জীবন সত্যকে প্রকাশ করতে হবে। সত্যের মধ্যে শক্তি নিহিত। যার কাছে সত্য রয়েছে তিনি সর্বশক্তির অধিকারী। তিনি সব সময়ে শক্তি ধারন করতে পারেন। মিথ্যাচারের কাছে কোনও শক্তি থাকে না। মিথ্যাচার কেবল শক্তিশীল হয়ে পড়তে শুরু করে।

ভগিনী নিবেদিতা ও তাঁর বাণী

তিনি নির্ভয়ে এগিয়ে যেতে পারেন সামনের দিকে। কাজ করলে তার শুভ ফল পাওয়া যায়। ভালো কাজে ভালো ফল আসবে। খারাপ কাজে খারাপ ফল পাওয়া যাবে। তাই ছাড়া খারাপ কাজ করলে চলবে না। চাই ভালো কাজ করার মানসিকতা। ভালো কাজের মানসিকতা লোকেরা জগতে বেশি উন্নতি করতে পারে। তিনি মহান হন। তাকে সবাই সম্মান করতে থাকে। তিনি সর্বজনের কাছে প্রিয় হয়ে ওঠেন।

১৯০২ সালের ১৯ শে নভেম্বর থেকে পাকাপাকিভাবে কলকাতা শহরের রাস্তায় বৈদ্যুতিক ট্রাম তার মৌরসীপাট্টা জমিয়ে বসল

কৌশিক দাস

শহরের বুক চিরে আজও তার ঐতিহ্য নিয়ে মাথা উঁচু করে চলছে কলকাতার ট্রাম। বর্তমানে আমরা যখন আধুনিকতার চাদরে মোড়া, তখন প্রাচীন ইতিহাস ও ঐতিহ্যর মেলবন্ধনের সাক্ষী এই ট্রাম। ট্রামের যাত্রা শুরু হয়েছিল ষোড়ায় টিনা বাহন হিসেবে, কালের বিবর্তনে বর্তমানে ট্রাম চলছে বিদ্যুতে। রয়েছে এয়ারকন্ডিশন ও ওয়িহফাই এর মতো অত্যাধুনিক সুবিধাও। কলকাতায় প্রথম ট্রাম চলেছিল ১৮৭৬ সালের ২৪ ফেব্রুয়ারি। সেই বছরই যাত্রীর অভাবে স্থগিত হয়ে যায় কলকাতায় ট্রামের যাত্রা। পরবর্তীতে ১৮৮০ সালের ২২ ডিসেম্বর লন্ডনে স্ট্রামওয়ে কোম্পানি স্থাপিত হওয়ার পর তারা পুনরায় কলকাতার বুকে ট্রাম নিয়ে আসে। আজও কলকাতার প্রায় দু’ হাজার মানুষের যাতায়াতের মাধ্যম এই ট্রাম। এর প্রধান কারণ ট্রামের যসামান্য ভাড়া। কলকাতার ট্রাম দেশের মধ্যে একটি গুরুত্বপূর্ণ পরিবহন ব্যবস্থা। এটি দেশের প্রথম ও একমাত্র পরিষেবা প্রদানকারী ট্রাম। এশিয়ার প্রথম বৈদ্যুতিক ট্রাম পরিবহন ব্যবস্থা। প্রথমে ষোড়ার সাহায্যে ট্রাম চালানো হতো, পরবর্তীকালে ১৯০২ সালে বিদ্যুতের ব্যবহার হয়। কলকাতায় ক্রমবর্ধমান ফ্লাইওভার ও রাস্তা উন্নয়নের কারণে কয়েকটি ট্রামরুট এখন বন্ধ করে দেওয়া হলোও, অবশিষ্ট রুটগুলিকে দ্রুতগতির ট্রাম পরিবহনের উপযুক্ত করে তোলা হচ্ছে। এছাড়া ট্রামকে ঘিরে কলকাতায় একটি বিশেষ পর্যটন আকর্ষণও গড়ে তোলা হয়েছে, যেটি দেশি-বিদেশি পর্যটকদের কাছে বেশ জনপ্রিয়। এখন শহরের ধর্মতলা-গড়িয়াহাট এবং বালিগঞ্জ-টালিগঞ্জ এবং শ্যামবাজার-এসপ্লানেড রুটে ট্রাম চলে। আগামী দিনেও মাত্র চার থেকে পাঁচটি রুটে ট্রাম চলবে। তবে, পর্যটকদের জন্য মূল আকর্ষণ হবে ধর্মতলা থেকে ভিক্টোরিয়া রুট।

বিদেশি পর্যটকদের আকর্ষণ কাড়তে ধর্মতলা থেকে ভিক্টোরিয়া পর্যন্ত ট্রাম চালানোর উদ্যোগ নিয়েছে পরিবহণ দফতর। এমনকী ভিক্টোরিয়ার সামনে ট্রামের জন্য ট্যুরিস্ট প্ল্যাটফর্মও তৈরি হচ্ছে। দেড়শো বছরের ট্রামের বিবর্তন শহরবাসীকে দেখানো হবে সাত-আটটি ট্রামের মাধ্যমে। গড়িয়াহাট থেকে এসপ্লানেড পর্যন্ত এই ট্রাম প্যারেড চলবে ২৪-২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। যার নাম দেওয়া হয়েছে ‘ট্রামযাত্রা’ এটিও পর্যটকদের আকর্ষণ বাড়াতে পারে। কলকাতায় ট্রামের ইতিহাস শুধু পরিবহন ব্যবস্থার ইতিহাস নয়। এর সঙ্গে জুড়ে রয়েছে সংস্কৃতি, সাহিত্য এবং রাজনৈতিক উত্থানপতনের একাধিক ঘটনা। কলকাতায় ট্রাম চালুর এক বছরের মাথায় বসন্তেও (সেপ্টা মূর্ষহ) ট্রাম চলেছিল। তবে পুনো মূর্ষহ (মুহই) চুকিয়েও দিয়েছে প্রায় ষাট বছর হতে চলল। ভারতের প্রধান বাণিজ্য শহরের গতিময় জীবনে নাকি বড় প্রতিবন্ধক ছিল ট্রাম। তা বন্ধ করে দিয়ে শহরের সড়কপথের গতি কেমন বেড়েছে তা ব্যস্ত সময়ে গেলেই টের পাওয়া যাবে। তবে উৎসাহীর সন্ধনী চোখে খুঁজে দেখলে বস্নের বৈদ্যুতিক ট্রামের ইতিহাসের ঝলক দেখা যাবে অধুনা



সরবরাহ করা। ১৮৭০ সালের অগস্ট মাসে (২৪ গস্ট) বাংলা সরকার নিযুক্ত কমিটি এর স্বপক্ষে মতামত দিলেন। ক্যাম্পবেল সাহেব কাজে বিশ্বাসী মানুষ। দেরি তার সহ্য হয় না। কাজেই ১৮৭১ সালেই সরকার পরিকল্পনা মঞ্জুর করলেন। তবে কাজ রূপায়িত হতে গড়িয়ে গেল আরও দুই বছর। সরকারের কাছ থেকে ট্রামলাইন পাতবার জন্য প্রথমে বরাদ্দ হয়েছিল প্রায় দেড় লক্ষ টাকা। পরিকল্পনা ছিল এই ট্রামলাইন প্রথম পাতা হবে শিয়ালদহ স্টেশন থেকে আর্মেনিয়ান হাটে পর্যন্ত। তার কারণ আর্মেনিয়ান হাটে ছিল তদানীন্তন কলকাতা স্টেশনের চিকিটঘর। অর্থা শিয়ালদহ থেকে হাওড়া পর্যন্ত রেলের মালপত্র পরিবহনের উদ্দেশ্যেই কলকাতা

শহরে প্রথম ট্রামের পরিকল্পনা। যদিও প্রত্যক্ষদর্শীর বিবরণ উদ্ধৃত করে রাখারমণ মিত্র জানিয়েছেন, যে ‘কোথায় মালপত্র নিয়ে যাওয়া?’ প্রথম দিন থেকেই এ লাইন যাত্রী বহন করেছে।’ তার কারণও অবশ্য ছিল। শিয়ালদহ স্টেশন থেকে শুরু হয়ে এই লাইন বৈঠকখানা রোড হয়ে বৌবাজার স্ট্রিট, ডালহৌসি



সালে ট্রাম কোম্পানি জাতীয়করণ হয়। তার আগে পর্যন্ত এই ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানিই কলকাতায় ট্রাম চালানোর প্রস্তুে একচেটিয়া অধিকার ভোগ করে গেছেন। ন্যায়পরায়ণ ব্রিটিশ সরকারের এতে বিশেষ কোন আপত্তির কথা তেমন শোনা যায়নি।২০ অক্টোবর ১৮৭৯ সালে কলকাতা কর্পোরেশনের সঙ্গে ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানির চুক্তি হল। প্রথম পর্যায়ে ট্রাম কোম্পানি কলকাতার আটটি অঞ্চলে ট্রামলাইন পাতবার অনুমতি পেলেন। এই অঞ্চলগুলি হল শিয়ালদহ স্টেশন থেকে বৌবাজার হাও ডালহৌসি স্কোয়ার, টেরঙ্গি রোড (অধুনা জওহরলাল নেহরু রোড), চিংপুর রোড (অধুনা রবীন্দ্র সরণী), ধর্মতলা স্ট্রিট (অধুনা লেনিন সরণী),

ইউক্রেনকে আমরা সাহায্য করবে নেটো

নেটোর নেতা স্টোলেনবার্গ বলেছেন, যতটা সম্ভব ইউক্রেনকে আমরা সাহায্য করবো। কিন্তু নেটো সরাসরি ইউক্রেন যুদ্ধে অংশ গ্রহণ করবে না। নেটোর দায়িত্ব হল ইউক্রেনের যুদ্ধ নেতে গোট। ইউরোপে ছড়িয়ে না পড়ে তার দিকে লক্ষ্য রাখা। এদিকে নেটো গোট থেকে বলা হয়েছে রাশিয়ার হাত থেকে সশস্ত্র রাশিয়া, হাঙ্গেরি, বুলগেরিয়াও রোমানিয়াকে রক্ষা করতে তারা একটি নেটোর মতো সেনা বাহিনী তৈরি করবে। তাদের কাজ হবে রাশিয়ার হাত থেকে তাদের দেশকে রক্ষা করা। প্রয়োজন হলে নেটোর সহযোগিতা নেওয়া হবে। নেটোর অধীনে থাকবে এই নেটো সেনারা। স্টোলেনবার্গ বলেছেন, বর্তমানে যত নেটো সেনা রয়েছে তার দ্বিগুণ সেনা মোতায়ন করা হবে। ইউক্রেনের আশপাশে দেশগুলির নিরাপত্তা ব্যবস্থাকে আরও পোক্ত করে তোলার চেষ্টা করছে নেটো বাহিনী। স্টোলেনবার্গ এদিন পরিস্কার করে বলে দিয়েছেন রাশিয়া যদি পরমানু হানা দিতে শুরু করে তাহলে কিন্তু তখন নেটো চূপ করে বসে থাকবে না। তখন নেটো ভাববে কীভাবে পরমানু হামলাকে রুখে দেওয়া যেতে পারে। যেটোকে একেবারে শক্তিশীল বলা যাবে না। রাশিয়ার সঙ্গে যুদ্ধ করার ইচ্ছা নেটো বাহিনীর নেই। এবং যুদ্ধটা সারা ইউরোপে যাতে ছড়িয়ে না পড়ে তার দিকে লক্ষ্য রাখতেই নেটো ইউক্রেন যুদ্ধে অংশ গ্রহণ করেনি। তবে আমেরিকা ইউক্রেনের রাসায়নিক গবেষণাগার রক্ষা করার চেষ্টা নিশ্চয় করবে। তার সেখানে

তাদের বিনিয়োগ রয়েছে। এদিকে ক্রেমলিন থেকে বলা হয়েছে যে রাশিয়া যদি তাদের অন্ত্ত্ব রক্ষা নজর দেয় তাহলে নিশ্চয় পরমানু হামলা করতে পারে। যুদ্ধটা মহাকাশ জুড়ে ছড়িয়ে পড়তে পারে। রাশিয়া খ বুই পরিকল্পনা গ্রহণ করেই যুদ্ধের আয়োজন করেছে। রাশিয়া এতদিন ধরে চূপ করে ঘাপটি মেরে বসেছিল। এখন তারা বুঝতে পেরে দিচ্ছে ইউক্রেন দখল না করতে পারলে রুশ স্বার্থ ব্যাহত হতে পারে। এদিকে মারিয়ুপোল দখল করতে রাশিয়া শক্তিশালী বোমা ফেলতে শুরু করে দিয়েছে। বহু লোক তাতে হত হচ্ছে। নেটো নেতারা বৈঠক করেছেন। এদিকে নেটোবিলের পরমানু কেন্দ্রটি একেবারে ধ্বংস হয়ে গিয়েছে। রাশিয়া এখন ইউক্রেন ধ্বংসস্তুপে পরিণত করতে চায়। সেখানে কোনও রকম শহর যাতে গড়ে না উঠতে পারে তার জন্য ধ্বংসলীলা করতে শুরু করে দিয়েছে। ইউক্রেনকে সেনাদের জন্য করিডর তৈরি করতে চাইছে রাশিয়া। এদিকে নেটো বাহিনীর নেতারা বৈঠক করে সিদ্ধান্ত গ্রহণ করেছে রাশিয়া যদি ইউক্রেনকে ধ্বংস করে সেনা নিবাস করতে চায় তাহলে তারা বাধ্য দেবে। রাশিয়া ইউক্রেনের শক্তিকে বিনাশ করে দিতে চাইছে। এদিকে পোল্যান্ড তাদের সেনা শক্তির সংখ্যা বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে। প্রতিদিন সেখানকার তরুণদের ধ্বংস হয়ে গিয়েছে করা হচ্ছে। এবং দ্রুত প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু হয়েছে। কিয়নক্ষির অসংখ্য লোকেরা পোল্যান্ড সেনা বাহিনীতে যোগদান করতে শুরু করে

মানসী কবিতায় রবীন্দ্রনাথ লিখছেন

মঙ্গলকাব্য, বৈষ্ণব পদাবলী, মৈমনসিংহ গীতিকায় নারী চরিত্রের অলোক-বন্দন

ঋষিঃ অমৃতের সন্ধানে।
মৈত্রৈয়ীঃএ সব সম্পদ দিয়ে কি লাভ করা যাবে সেই পরম শ্রেয়কে ?
ঋষিঃ সম্ভব নয়।
মৈত্রৈয়ীঃ যেনাহং নামুতা স্যাং কিমহং তেনে কুর্য়াম্ ? (যা আমার অমৃতত্বে সহায়তা করবেই না, তা আমার কী প্রয়োজন ?)
প্রাচীন ভারতীয় নারী জানতেন জীবনের পরম লক্ষ্য কী !
স্মৃতির যুগে কেন নারীর অবনতি হল তার সামাজিক রাজনৈতিক অর্থনৈতিক বিশ্লেষণ জরুরী, বামেস্লামিক ইতিহাস বিদগন সেই ইতিহাস সঠিকভাবে ব্যাখ্যা করেন নি। বিদেশী শক্তির কাছে ভারতীয় সম্পদ কী শুধুই ধন-দৌলত আর মসলা- পাতি ছিল ? অবশ্যই ছিল ভারতীয় নারীর সুললিত দেহটাও। মুসলমান আগ্রাসনে নারী লুণ্ঠনের ভয়ঙ্কর প্রবণতার জন্য যদি হিন্দু-সমাজপরিরা বাধ্য হয়ে থাকেন

উঠে আসা। মনে করানোর এই সংকল্প নারীকে খাঁচাবন্দী করে রাখার বিরুদ্ধে এই প্রস্তাব। পরিবারে নারীর উন্নতি না হলে পরিবারের উন্নতি হবে না পরিবারের উন্নতি ব্যতিরেকে



সমাজের উন্নতি কিছতেই সম্ভব নয় সমাজের উন্নতি বিনা জাতির উন্নতি অসম্ভব। যারা ভূমির চাইতে নারীর হাট বেশি বিস্তৃত করতে চান, তারা সাবধান ! বর্তমান কামাতুর -পুরুষ তান্ত্রিক- পৌষাচিক সামাজিক অবস্থান থেকে ভারতীয়

১৯৬১ তে টেরেপ ইয়ং তাঁকে বন্ড বানানোর কথা ভাবলেন সত্যজিৎ

১৯৬১ তে টেরেপ ইয়ং তাঁকে বন্ড বানানোর কথা ভাবলেন সত্যজিৎ রায়। সব ঠিক ছিল, কিন্তু অসুবিধে একটাই। ভদ্রলোক ঠিক সেস্মি নান। দুইবার অভিশন নেওয়া হল। ফেল করলেন। শেষে প্রতিভাসর কবি ব্রকোলি ভুলটা বুঝতে পারলেন। অভিশন টিমে একজনও মহিলা নেই যে। ডেকে আন হলে তার স্ত্রী ডানাকে। ডানা একবার দেখেই বললেন, এই লোককে যদি সেস্মি না বল, তো সেস্মি শব্দের মানেই বদলে দিতে হবে। কি ভাগ্য ! ডানার কথা মেনে নিলেন সবাই। শুরু হল ড. নো-সিনেমার কাজ। কোনারির ঘড়ি কেনার টাকা নেই। কবি ব্রকোলি নিজের হাতের রোলেক্স খুলে তাঁকে পরিয়ে দিলেন। বাকিটা ইতিহাস। জেমস বন্ড তার রোলেক্স ঘড়ি একে অপরের অন্তর ইগো হয়ে গেল। গল্প এখ দাঁই শেষ না। অনেকদিন পরে ১৯৯১ সালে People ম্যাগাজিনে ভোটের নিরিখে Sexiest Man of the Century হলেন এই ভদ্রলোক। ডানা কি তখন মুচকি হেসেছিলেন ? কে জানে ? অনেক পরে যখন বেশ বড়ো হয়ে গেছেন তখনও দ্য রক ছবিতে তিনি সেই অপরাধী, একমাত্র যে জানে দ্বীপের মত সেই কারাগারে ঢোকার গোপন পথ। নৈম অফ রোজ ছবিতে তিনিই গোয়েন্দা উইলিয়াম অফ বান্ধারভিল। লিগ অফ এক্সট্রা অরডিনারি জেনেটেলমেন-এ অ্যালেন কোয়াটারমেনে, আনটাবেলস এর সেই পুলিশ অফিসার মালোনে, আর এন্ট্র্যাপমেন্টে বিখ্যাত চোর রবার্ট ম্যাকডুগাল, মার্নিতে তিনিই আবার দূরন্ত প্রেমিক। তবে আমার সবচেয়ে প্রিয় ইন্ডিয়ানা জোনসের বাবার ভূমিকায় তার অভিনয়। একেবারে ভোলাভালা ছাতাহাতে মানুষটাকে দেখে চেনাই যায় না যেন, যতক্ষণ না... যতক্ষণ না শত্রুর প্লেন সাগর তীরে গুলি ছুঁড়তে ছুঁড়তে আসে তাদের দিকে ধেয়ে। ইন্ডিয়ানা নিজেরও বুঝতে পারেন না কি করবেন। ঠিক এইখান থেকেনারি শুধু ছাতার সাহায্য যেভাবে বিমানদের ধ্বংস করেন তা জেমস বন্ড ছাড়া কারও পক্ষে সম্ভব না। (শেষ)

সমুদ্রি মালিকের বিড়াই নদীর ধারে
 পুরাতন এলাকা নামে একটি গ্রামাঞ্চল
 গড়ে উঠেছিল। নদীর তীরে প্রাচীর
 দুর্গম শূন্যপদ সঙ্কুল এলাকায়
 অবস্থিত ছিল। পুরাতন মানচিত্রে
 একটি দুর্গ মন্দিরের ধ্বংসাবশেষমা
 পাওয়া গেছে। আনুমানিক দুর্গের
 মন্দিরটি বিষ্ণু পুরের
 মন্দিরের সমকালীন সময়ে তৈরি
 হয়েছিল। প্রতিবছর বন্যার জন্য
 পুরাতন এলাকা জলগোষ্ঠী
 তীরবর্তী মালিক থেকে কিছুটা
 একটি উঁচু জায়গাতে জলসংস্টি
 গড়ে তুলেছিল। এই সময় থেকে
 মানচিত্র নামের পরিবর্তন
 নামকরণ করা হয় মানচিত্র।

দায়িত্বে রয়েছেন সেনাপতি মান্না
সিংহের পরবর্তী প্রজন্মের বংশধর
মাননীয় গোপাল সিংহ মহাশয়।
পূজার পরিচালন দায়িত্বে রয়েছেন
মানভিহা বাবুদা দুর্গোগোষ্ঠের
কমিটি। এছাড়াও গ্রামের সকল
মানুষের সার্বিক সহযোগিতা
রয়েছে। বিজয়া দশমীর দিন
নরনারায়ণের সেবা করানো হয়।
দুর্গোগোষ্ঠের কেন্দ্র কর্তৃক এখানে
প্রতিবছর যাত্রাপালা অনুষ্ঠিত হয়ে
আসছে। এছাড়াও দিবারাজ
সাহস্তুতিক অনুষ্ঠানের আয়োজন
করা হয়। সাহস্তুতিক অনুষ্ঠানের মূল
দায়িত্বে থাকেন মাষ্টারদা নামের
খ্যাত মাননীয় মধুসূদন দে মহাশয়।
তিনি মানভিহা এলাকার মানুষের
নয়নের মণি। হাজার বছরের
পুরাতন দুর্গা পূজা হল বিশ্বদুর্গা
মল্লভারাজের সেনাপতি মহোদয়
মানভিহা দুর্গাপূজা। মানভিহা দুর্গা
দুর্গার মন্দির আজ ধ্বংসস্তূপ। মনে
হয় পাথর যেন ক'টা বলাছে।
বিশ্বদুর্গা মল্ল ভারাজের ঐতিহ্য
বজায় রেখে মানভিহাত্তে দুর্গা পূজা
আজ সাড়ে তিন শত বছর অতিক্রম
করে এক অনন্য দৃষ্টান্ত বজায় রেখে
চলেছে।

কলকাতা, ২ অক্টোবর : স্বচ্ছতা ই সেবা অভ্যাস ০২ মহানগর গান্ধীজির জন্মবার্ষিকী পালনের অংশ হিসাবে, আজ অর্থাৎ ০২.১০.২০২৪ তারিখে মহানগর গান্ধী রোড মেট্রো স্টেশনে স্বচ্ছ ভারত দিবস পালন করা হয়েছে। শ্রী লক্ষেশ্বর সহিকিয়া, প্রিন্সিপাল ফিফ অপারেশন ম্যানেজার, মেট্রো রেলওয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা এবং কর্মীরা দিনটি উপলক্ষে সেই স্টেশনে শ্রমদানের প্রস্তুত দেন। তারা সমস্ত মেট্রো ব্যবহারকারীদের মেট্রো চত্বর পরিষ্কার রাখতে সাহায্য করার অনুরোধ জানিয়েছেন। তারা মেট্রো ব্যবহারকারীদের পরিষ্কার-পরিচ্ছন্নতার গুরুত্ব বঝাখা করছেন। সমস্ত মেট্রো স্টেশনে স্বচ্ছতার বার্তা ছড়িয়ে দেওয়ার জন্য বানার এবং পোস্টার প্রদর্শন করা হয়েছে। আমাদের জীবনে পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কে যাত্রীদের মধ্যে সচেতনতা তৈরি করতে পালিক আন্ড্রেস সিস্টেমের মাধ্যমে ব্যবহার যোগ্য করা হয়েছিল। স্বচ্ছতা সম্পর্কে যাত্রীদের সচেতন করতে মহানায়ক উত্তম কুমার মেট্রো স্টেশনে একটি জনসচেতনতা কর্মশালায় অয়োজন করা হয়েছিল। শ্রী অমিতাভ দাস, প্রিন্সিপাল চিফ মেডিকেল অফিসার, তপন সিনহা মেমোরিয়াল হাসপাতালের অন্যান্য মেডিকেল অফিসার এবং কর্মীরা আজ স্বচ্ছ ভারত দিবস পালনের অংশ হিসাবে শ্রমদানের প্রস্তুত দিয়েছেন।

অষ্টোত্তর শতাব্দীর প্রথমার্ধে, যখনই রাজ্যের বাহ্যিক সীমায় প্রবেশ করা হতো, তখনই উঠল আর্থিক রেকর্ডের প্রতিবাদ। হাতে হাতে আরজিকরের তফসীল চিকিৎসকের মতুর প্রতিবাদের প্ল্যাকার্ড। পাশাপাশি ১৫০টি ঢাকের আওয়াজের প্রতিবাদে মুখরিত হল শহর ধূপগুড়ি।

কমলাচী স্তর কবির আলো তৈরী
সংস্থাঃ একদল এই অনুষ্ঠান
কোনো রাজনৈতিক বা প্রশাসনিক
বাক্যেরে আমন্ত্রণ না জানিয়ে যারা
মানুষেরে সেবার নিমোজ্ঞিত
চিকিৎসকদের আমন্ত্রণ জানানো
হয়েছিল। তাদের হাত দিয়ে
চাকিদের বস্ত্র তুলে দেওয়া হয়ে
চাকিরা পূর্ণপরি তিনবছর ধরে
আপোনা তাবোলের তরফে পুজার
উপহার পেয়ে ভীষণ সন্তোষ।
উপস্থিত চিকিৎসক পুষ্টি মন্ত
বলেন, চিকিৎসক নয় সাধারণ
মানুষ হিসেবে এমন একটা অনুষ্ঠানে
উপস্থিত থাকতে পেয়ে তীব্র ভাষা
লাগল।

দুঃ বর্তমান বাতা, দার্জিলিং, ২ অক্টোবর ২০২৪

উত্তরবঙ্গের অর্থনৈতিক সেরেদার হিসেবে পরিচিত টিনাটো টি 'টি টি' টিচার এবং 'চারিঞ্জ' কিন্তু দীর্ঘদিন থেকেই টি অর্থাৎ চা শ্রমিকরা ২০ শতাংশ বোনাসের দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছে।

হিতমধ্যেই কুড়ি শতাংশ বোনাসের বিষয় নিয়ে ৬ টি ত্রিাঙ্গিক বৈঠক হয়েছে কিন্তু তবুও কোনরকম সমাধান সূত্র বের হোলনা। মমতা ব্যানার্জির উত্তরবঙ্গ সফরের সময় সেমবার পাহাড় জুড়ে বারো ঘন্টাল বন্দবস্ত চাক্র ডায়ালগ না

NOTICE INVITING e-TENDER

Notice inviting e-Tender 1 (One) no work of **SBM-G FY-2024-25** Within Bargachia-I Gram Panchayat Will be available at <https://wbtdenders.gov.in>. 1) **2024_ZPHD_760533_1** Submission closing date (online): **07/10/2024 at 12:30 P.M.**

**Sd/- Prodhnan
Bargachia-I Gram
Panchayat**

[illegible]

পুজো মণ্ডপের নিরাপত্তা
পথে নামেন শিলিগুড়ি

প্তা বন্দোবস্ত দেখতে

ডি পুলিশ কমিশনার

মিলা হাওয়া বাতাস যাতে থাকে এবং মণ্ডপে ঢোকা এবং বেরোবার পথ যাতে প্রশস্ত থাকে সেই বিষয়গুলি নিয়েই কমিটির সাথে কথা বলেন পুলিশের উচ্চপদস্থ কর্মীরা। পাশাপাশি ক্লাবের তরফ থেকে যেখানেই সেকেন্ড ক্লাব এবং সিসিটিভি ক্যামেরার বন্দোবস্ত সম্পর্কেও ন্যায়কর্তাদের সাথে কথা বলেন। পুলিশের উচ্চপদস্থ কর্মীরা। শিলিগুড়ি পুলিশ কমিশনার সি সুধাকর বলেন, পূজা মণ্ডপে নিরাপত্তা বন্দোবস্ত খতিয়ে দেখতেই এই পরিদর্শন। মহালয়ার সকালে বিভিন্ন ক্লাবগুলি পরিদর্শন করে কোথায় কি খামতি আছে সেই বিষয়গুলি নিরসনে পুলিশ কর্মীদেরকে নির্দেশ দেওয়া হয়। পাশাপাশি পূজা মণ্ডপে ঠাকুর দেখতে এসে দর্শনাধীরা মোটরসাইকেল এবং গাড়ি কোথায় রাখবেন সেই বিষয়েও পূজা কমিটির সাথে কথা বলা হয়। বড় পুজো কমিটি গুলোকে পার্কিংয়ের জন্য স্থান নির্দিষ্ট করার নির্দেশ দেওয়া হয়েছে পুলিশের তরফে। আজ থেকেই ভার্চুয়ালি পুজা মণ্ডপের উদ্বোধন শুরু হচ্ছে। অপরিদর্শিত দর্শনাধীরের জন্য তৃতীয়া এবং চতুর্থীতে খুলে যাবে মণ্ডপের দরজা। সেই কারণেই আগোড়নে পুজা মণ্ডপে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখল শিলিগুড়ি পুলিশ কমিশনারের উচ্চপদস্থ পুলিশ কর্মীরা।



মহাব্যবস্থাপক মিসেস সোম্য মাতুর 'এক পেড় মা কে নাম' নামে চারারোপণ করছেন।

দুই বাতায়, বাকুড়া, ২ অক্টোবর ১৯৭১
হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য
কর্মীদের গাফিলতিতে প্রসূতি
মৃত্যুর অভিযোগে তুলে
হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক
ও স্বাস্থ্য কর্মীদের কঠোর শাস্তির
দাবিতে সরব হয়ে ওঠেন রোগী
পরিজনরা। এতে তুমুল উত্তেজনা
সৃষ্টি হয় হাসপাতালে। যদিও অন্য
হাসপাতালে রেফারদের পর
প্রসূতিটির মৃত্যু হয়। এই ঘটনায়
নিরাপত্তার দাবী চিকিৎসকে
হাসপাতালে কর্মরত জনিৎসক ও
কর্মীরা। বাকুড়া জেলার জঙ্গলমহল
এলাকার বাইপুর গ্রামীণ হাসপাতালে
প্রসব যন্ত্রণা নিয়ে সোমবার সকাল
আটটা নাগাদ ভর্তি হন স্থানীয়
করগলী গ্রামের বাসিন্দা মামনি

বানমগোলা গ্রামীণ

দুরন্ত বাতায়, বানমগোলা, ২ অক্টে
জন্মদিন ও ভারতের প্রধান
জন্মদিন। সেই
উপলক্ষ্যে ভারতীয়
জনতা পার্টি পক্ষ
থেকে পাঁচটি পক্ষ
জায়গায় সেবা
সম্ভার কর্মসূচি করা
হচ্ছে। সেই
পক্ষে ফি তে
ভারতীয় জনতা
পার্টি হবিপুর
বাসিন্দা কপিটর
পক্ষ থেকে
মোদিজীর জন্মদিন
ও গান্ধীজীর জন্মদিন সেবা সম্ভার
সকালে বানমগোলা গ্রামীণ হাস
মধ্যে ফল বিতরণ। এদিন হবি



নাগাদ মঙ্গলবার তেজের আঘাতে
দুগলা তিনি কন্যা সন্তানের জন্ম
দেন। জন্মের পর থেকেই মামনির
শারীরিক অবস্থার অনর্নত হতে
থাকে। মামনি দুলের পরিবারের
আইভোগে, বাবার বিষয়টি
হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক
ও স্বাস্থ্যকর্মীদের নজরে আনলেও
তারা গুরুত্ব দেন নী। উল্টে
পরিবারকে বাবার জানালে হয়
তিনি সুস্থ আছেন। মঙ্গলবার সকাল
সবে আটটা নাগাদ প্রসূতির
শারীরিক অবস্থার আরও অবনতি
হলে তাকে বাকু ডা স্মিমলনী
মেডিক্যাল কলেজে রেফার করা
হয়। পরিবারের দাবি, রেফার
করার পর রোগীকে নিয়ে তারা
কিছুটা এগোতেই রোগীর অবস্থা

কাজকর্ম হয়ে পড়লে শাখা
খুলিয়ে তারা নিকটবর্তী সারেসা
সেবা মিশন হাসপাতালে নিয়ে
যান। প্রখোলেই সকাল ৯ টা নাগাদ
পূর্ণ পুষ্টি মৃত্যু হয়। এই মৃত্যুর
ঘটনায় বোগীর পরিবার ও
গ্রামবাসীরা রাইপুর গ্রামীণ
হাসপাতালে জমায়েত হয়ে বিক্ষোভ
অভিযোজ্যে রাইপুর পরিবারের
সভাযোগ রাইপুর গ্রামীণ
হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য
কর্মীদের গাফিলতি কারণেই প্রাণ
গেল তাদের পুষ্টিরক।
হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক
ও স্বাস্থ্য কর্মীদের কঠোর শাস্তির
দাবিও জানানো তারা। তবে
হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি নিয়ে
মুখ খুলতে চাননি।

A group of women in traditional Indian attire, including sarees and jewelry, are performing a dance in front of a temple entrance. A statue of a deity is visible in the background. The women are arranged in two rows, with some standing and some sitting on the ground. They are holding small objects, possibly flowers or garlands, and are looking towards the camera. The temple entrance is decorated with garlands and has a statue of a deity in the background. The women are wearing sarees in various colors, including red, yellow, and white. They are also wearing traditional Indian jewelry, including necklaces, bangles, and earrings. The overall scene is festive and cultural.

ঘরের রক্ত মাংসের দেহেরে সেই মেরোকা থাকে আমরা অনেক সময় চিনতে পাবি না বা চিনতে চাই না। কারণ আমাদের অসুরভরিতা থাকে আমরা আজ বহিঃ জীবীকৃত। তবুও মৃত্যু মা আসেন। আমরা কবে বলতে পারবো ঘরের দুর্গাকে স্নেহাঙ্ঘ হি দুর্গা। তুমিই সেই দুর্গা। এই নিবেদনে অনেকেই রোমাঙ্ঘ অনুভব করেছেন। পুরো অন্টান পরিচালনা করেন প্রযাক্ষা মুখোপাধ্যায়। নুতে গান্ধবী কাবেই গিহ, পরামর্শে গান্ধবীর কর্ণগার চৈতী মজুমদার, সঞ্চালনায় স্বাগতা বন্দ্যোপাধ্যায়, ফিল্মে ও চট্টাণাঠে বৈশী মজুমদার। সেসব কলা কুশলীরা অংশ গ্রহণ করেছেন তারা হলো যথাক্রমে ঃ রূপালী, আধিবেদ, সোমা, অদিতি, দেবস্মিতা, নিমাল্যা, শর্মি, চিত্রাঙ্গী, মেঘনা, শ্রীপাৎ শরৎক, সুপার্বা, অঘোবা, বোপঞ্জন, বোপ্ৰিয়া, সঙ্কিতা, শ্ৰোয়া, আক্কাষি, সমৃদ্ধি, আরাণা, সুরশী, আজিতা, পূজা, সোমদত্তা, বিনীতা, ঋষ্ড, প্রীতি, প্রভুৎ, গেরোবা, অস্মি, দেবস্মিতা, বহিতা, অ্যম্ভিক, অঙ্কিতা, ঙ্খিকা সহ আরও অনেকে।

[illegible]

কচুরিপানার আঁশ থেকে উৎপন্ন হস্তশিল্পের প্রসারে শিল্পীদের উৎসাহ দান ও তাঁত যন্ত্র প্রদান

দূরন্ত বার্তা, হুগলি, ২ অক্টোবর : কচুরিপানার আঁশ থেকে উৎপন্ন হস্তশিল্পজাত পণ্যের প্রসার ঘটাতে তথা এই শিল্পকে জনসমক্ষে উন্নত মানের ও গ্রহণযোগ্য করে তুলতে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হলো যার মূল লক্ষ্য হলো হস্তশিল্পীদের উৎসাহ প্রদান । হুগলির



বাঁশবেড়িয়ার শঙ্খ নগরের একটি ক্লাবে এই কর্মসূচি রূপায়ণে সামগ্রিক ভূমিকায় এগিয়ে এলো মিঠাপুকুরের ইলেকট্রোসিল কোম্পানি, ‘এই আকর্ষণীয় শিল্পের প্রসারে হস্তশিল্পীদের হাতে তারা তুলে দিলেন প্রধানত তিনটি লুম অর্থাৎ তাঁত যন্ত্র। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইসিএলের পাসোনাল ম্যানেজার তন্ময় চৌধুরী, নাবাডের এর ডিডিএম অনন্যা গুপ্ত, সামাজিক পহল ফাউন্ডেশনের ডিরেক্টর তাপস বৈদ্য, প্রমুখ। উল্লেখ্য বর্তমানে আদি সপ্তগ্রাম, বাঁশবেড়িয়া, ব্যান্ডেল এবং শঙ্খ নগরে শতাধিক হস্তশিল্পী এই কাজের সঙ্গে যুক্ত রয়েছেন এবং তারা জীবিকা নির্বাহ করছেন পাশাপাশি এগিয়ে এসেছে এলাকার বিভিন্ন মহিলারা যারা এই হস্তশিল্পের মাধ্যমে তাদের জীবিকা অর্জনের সুযোগ পেয়েছেন। এরা নাবাডের সহযোগিতায় প্রশিক্ষণ নিয়ে কচুরিপানা দিয়ে পরিবেশ বান্ধব সামগ্রী তৈরি করছেন। এই হস্তশিল্পের সম্ভার এবং তাকে আকর্ষণীয় রূপ প্রদান করা শিল্পীর হাতে তাকে ফুটিয়ে তোলা এই সকল বিষয়ের উপরও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই আলোচনা সভায় হস্তশিল্পীদের উৎসাহ প্রদান আর্থিক সহায়তা প্রদান যান্ত্রিক সহায়তা দেওয়া ছাড়াও কচুরিপানা থেকে সংগৃহীত যে সকল শিল্পীরা আঁশ সংগ্রহ করেন তাদের নিরাপত্তার বিষয়টিও খতিয়ে দেখার বিষয়ে আলোচনা করা হয়। এই সভাতে সামগ্রিকভাবে শিল্পীদের আর্থিক সুবিধা দেওয়ার প্রতিশ্রুতিও দেওয়া হয়। অনুষ্ঠানে বহু শিল্পী ও সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

পূর্ব মেদিনীপুর জেলার ১৫টি পুজোর ভার্চুয়াল উদ্বোধনে মুখ্যমন্ত্রী

দূরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ২ অক্টোবর : জেলার পুজো উদ্বোধনে মুখ্যমন্ত্রী। বুধবার দেবীপক্ষের সূচনায় পুজোর উদ্বোধনী পর্বে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অন্যান্য জেলার পাশাপাশি পূর্ব মেদিনীপুর জেলার একাধিক পুজোর উদ্বোধন করেন তিনি। ভার্চুয়াল জেলার ১৫ টি দুর্গাপুজোর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। বিকেল পাঁচটা নাগাদ কলকাতা থেকে ভার্চুয়ালি উদ্বোধন করা হয় পূর্ব মেদিনীপুর জেলার সমস্ত পুজোগুলির। পূর্ব মেদিনীপুরের এই ১৫টি উদ্বোধন হওয়া পুজোর তালিকা মধ্যে রয়েছে – তমলুকের আদি তাব্রলিগু সর্বজনীন দুর্গোৎসব কমিটি, পটাশপুরের চিকড়াপাড়া রেনেবো অ্যাথলেটিক্স ক্লাব, এগরা ফ্রেন্ড ইউনিয়ন, ক্লাব চৌরঙ্গী, সেন্ট্রাল দুর্গোৎসব কমিটি, কাঁথি ইউনি গিল্ড, হলদিয়ার আজাদ হিন্দ নগর উন্নয়ন সমিতি, বাসুদেবপুর ক্ষুদিরাম স্মৃতি সংঘ, পাঁশকুড়ার মেছোগ্রাম সমাজ শিক্ষা কেন্দ্র সর্বজনীন, খণ্ডি মিলান বীথি, চন্ডিপুরের হাসচড়া সর্বজনীন। বিকেলে তমলুকের আদি সর্বজনীন দুর্গোৎসব কমিটির উদ্বোধনের মধ্যে উপস্থিত ছিলেন পূর্ব মেদিনীপুরের জেলাশাসক পূর্ণেন্দু কুমার মালি, জেলা পুলিশ সুপার সৌম্যদীপ ভট্টাচার্য্য সহ অন্যান্যরা। প্রত্যেক পুজো মন্ডপের সামনে বড় জ্যেষ্ঠ স্ক্রিনেরও ব্যবস্থা ছিল। এর মাধ্যমেই উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

দুর্গা পুজোর গাইড ম্যাপ ২০২৪ উদ্বোধন করলেন পুলিশ কমিশনার

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২ অক্টোবর : শিলিগুড়িতে দুর্গা পুজোর গাইড ম্যাপ ২০২৪ উদ্বোধন করলেন পুলিশ কমিশনার। শিলিগুড়ি পুলিশ ক মিশনারেটের উদ্যোগে প্রতিবারের ন্যায় এবারেও প্রকাশিত হল শিলিগুড়ির পুজো গাইড ম্যাপ। এদিন শিলিগুড়ির মাল্লাগুড়ি স্থিত পুলিশ ক মিশনারেট আয়োজিত এই

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার সি সুধাকর, ট্রাফিক ডিসিপি বিম্বাচাঁদ ঠাকুর, ডিসিপি ইস্ট, রাকেশ সিং, ডিসিপি হেডকোয়ার্টার তন্ময় সরকার, সহ শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের সকল উচ্চপদস্থ কর্মীরা। পুজোর গাইড ম্যাপের উদ্বোধনের পাশাপাশি সাধারণ মানুষের উদ্দেশ্যে কমিশনার সি সুধাকর অনুরোধ করেন, স্বাস্থ্যবিধি যাতে সকলে মেনে চলেন এছাড়াও পুজোর কটাদিন শহর শিলিগুড়িকে পুলিশি নিরাপত্তার চাদরে মুড়ে দেওয়া হবে। এবং বড়ো বড়ো পুজো মণ্ডপ গুলিতে ভ্রোঁনের মাধ্যমে নজরদারি করা হবে। পাশাপাশি পুজোর দিনগুলি শহরের যানজট যাতে সৃষ্টি না হয় সে ক্ষেত্রে বড় যানবাহন গুলি বিকেল ৪ থেকে শহরে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে।



জলপাইগুড়ি রাজবাড়ির ৫১৫ তম উমা চন্দ্রদান অনুষ্ঠান সম্পন্ন

বঙ্গীয় সাহিত্য পরিষদের গান্ধী জয়ন্তী পালন

দূরন্ত বার্তা, বর্ধমান, ২ অক্টোবর : বুধবার বঙ্গীয় সাহিত্য পরিষদ এর বর্ধমান শাখা বর্ধমান সাহিত্য পরিষদ এর উদ্যোগে জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৫ তম জন্মদিবস মর্যাদার সাথে পালিত হয়ে নিজস্ব ভবনে, সকাল ১০ টা থেকে বেলা ১২টা পর্যন্ত অনুষ্ঠান চলে, প্রতিকৃতি তে মাল্যদান, স্মৃতি চারণা, গান ও কবিতার মধ্যে দিয়ে গান্ধীজী কে শ্রদ্ধা জানানো হয়, সাথে প্রাক্তন প্রধান মন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী ও মহান স্বাধীনতা সংগ্রামী লৌহ মানব বল্লভ ভাই প্যাটেল এর জন্মদিন ও পালন করা হয়, মহাত্মা গান্ধীর কর্ম জীবন নিয়ে সুন্দর বক্তব্য রেখে অনুষ্ঠান এর সূচনা করেন সম্পাদক কাশী নাথ গান্ধুলী, স্মৃতি চারণা করেন সাহিত্য গবেষক বিদ্যাতৃষণ ভট্টাচার্য্য, নিতাই মুখার্জী, সাহিত্যিক সঞ্জীৱ চক্রবর্তী, নিখিল চক্রবর্তী, শিক্ষক মানব সরকার, কবি বরুন মজুমদার, সমাজসেবী সঞ্জয় মন্ডল, সংগীতে অংশ নেন তপস ভূষণ নেনগুপ্ত, সুধীর হাজারা, মিতা মন্ডল, কবিতা পাঠে অংশ নেন তাপস ভূষণ নেনগুপ্ত, সুধীর হাজারা, মিতা মন্ডল, কবিতা আইচ, আজ মহালয়ার দিনে দেবীর আগমন উপলক্ষ্যে সুন্দর আগমনী গান করে সংগীত শিল্পীরা সকলকে মুগ্ধ করেন, সঞ্চালনা করেন সম্পাদক কাশীনাথ গান্ধুলী, সব মিলিয়ে গান্ধী জয়ন্তী সাহিত্য পরিষদ এর প্রানবন্ত হয়ে ওঠে।

৩০০ বছরের পুরনো ঐতিহ্যবাহী বাংলাদেশের ফরিদপুরের পুজো এখন চন্দননগরে

দূরন্ত বার্তা, চন্দননগর, ২ অক্টোবর : হাতে মাত্র আর কয়েকটা দিন বাদেই শুরু হয়ে যাবে বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো । আর এই দুর্গা পুজো ঘিরে রয়েছে একেক জায়গার একে কটা কাহিনী। চন্দননগর দিনেমারডাঙ্গা কলোনী এলাকায় বনেদি বাড়ি ঘোষ দস্তিদার বাড়ির পুজোয় আগের জৌলুস বজায় রয়েছে। বাড়িটির নাম ইন্দ্রকানন। চন্দননগর দিনেমার ডাঙ্গাতে ঘোষ দস্তিদার পরিবারের পুজো প্রায় ৩০০ বছরের প্রাচীন । এই পুজো তৎকালীন বাংলাদেশে ফরিদপুর জেলার ফুলপুর গ্রামে জমিদারের আমলে রাম গোবিন্দ ঘোষ দস্তিদার শুরু করেছিলেন। পরিবারের সদস্য বরুণ ইন্দ্রবিন্দার বলেন , আমাদের বাড়ির পুজো বাংলাদেশে জমিদারের চালু করা পুজো। এখন জমিদারি প্রথা বিলুপ্ত হওয়ার পরে এপার বাবাদের চন্দননগরের পরিবারের সেই পুজো বাঁচিয়ে রাখা

পঁয়ষাটি কেজি গাঁজা উদ্ধার বোলপুরে

দূরন্ত বার্তা, বোলপুর, ২ অক্টোবর : উৎসবের মরশুমের মুখে পয়ষাটি কেজি গাঁজা উদ্ধার হলো বোলপুরে। ঘটনার তদন্ত চালাচ্ছে পুলিশ। জানা গেছে, গোপনসমূহে খবর পেয়ে সোমবার পুলিশ বিকোনন্দ পল্লীর একটি বাড়িতে রেড করে পঁয়ষাটি কেজি গাঁজা উদ্ধার করে। রাম পোদ্দার, মালা পাশোয়ান, আশা স্বর্ণকার নামে তিন ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করে মঙ্গলবার বোলপুর মহকু মা আদালতে তোলা। বুধবার বোলপুর এডিশন্যাল এস পি রাণা মুখোপাধ্যায় একটি সাংবাদিক বৈঠক করে বিষয়টি জানান। কিছুদিন আগে শবহাি গাড়িতেও মাদক দ্রব্য পায় পুলিশ।

স্ত্রীর কান কেটে ফেলার অভিযোগ স্বামীর বিরুদ্ধে

দূরন্ত বার্তা, হুগলি, ২ অক্টোবর : মহালয়ায় সকালে দাম্পত্য কনহ। স্ত্রীর কান কেটে ফেলার অভিযোগ স্বামীর বিরুদ্ধে। আর স্বামীর মাথা ফাটালেন স্ত্রী। রক্তরাবৃত্তিকাত্ত হুগলির উত্তরপাড়া়া শিবলাল স্ট্রিটে। আহত দম্পত্তির নাম মাধুরী শর্মা ও বিনোদ কুমার শর্মা। আহতদের উদ্ধার করে উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বিনোদ ধূলগড়ে একটি কারখানায় কাজ করেন। মহালয়ার জন্য ছুটিতে বাড়িতেই ছিলেন। তাঁর স্ত্রী মাধুরী রান্না করছিলেন। মেয়ের বক্তব্য, বাবা তাঁর সঙ্গে ঝগড়া শুরু করেন। কথা কাটাকাটি চরমে ওঠে। হঠাৎ ছুরি দিয়ে কানে আঘাত করেন। তখনই রক্তাৗন্ত অবস্থায় পালাত। তার বাবাকেই মাথায় পিঁড়ি দিয়ে মারেন মা। মেয়ের চিৎকার শুনে প্রতিবেশীরা জড়ো হয়ে যান। দু’জনেরই আহত অবস্থায় উদ্ধার করে উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করান। বিনোদ কুমারের ঘাড়ে ঘাটি দিয়ে মারা হয়েছে বলে অভিযোগ। ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

‘গান্ধী জয়ন্তী’, সাংস্কৃতিক অনুষ্ঠান কান্দিতে

দূরন্ত বার্তা, কান্দি, ২ অক্টোবর : ‘গান্ধী জয়ন্তী’ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করলো জীবন্তি চেতনা, মহাত্মা গান্ধীর ১৫৫ তম জন্মবার্ষিকী। দেশব্যাপী পালন করা হচ্ছে ‘গান্ধী জয়ন্তী’। এই ‘গান্ধী জয়ন্তী’ উপলক্ষ্যে প্রতিবছরের ন্যায় এ বছরেরও কান্দির জীবন্তি চেতনা শিক্ষা নিকেতনের ছাত্র ছাত্রদের নিয়ে কবিতা আবৃত্তি , যেমন খুশি বসে আঁকো প্রতিযোগীতা করা হয় এবং গান্ধীজির অহিংস আন্দোলনে স্বাধীনতার প্রভাব সম্পর্কে বক্তব্য, এছাড়াও শিক্ষক এবং শিক্ষার্থীদের নিয়ে পড়াশোনার সঙ্গে সামাজিক দায়িত্ব বিষয় আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষক রাহিবুল সেখ, আরজুমা খাতুন, গৌর মন্ডল , তোকাজ্জমান সেখ, সুমিত মন্ডল , আইজদ্দিন সেখ, প্রীতম মন্ডল, উন্মার সেখ, সিঁচন সেখ প্রমুখ। বুধবার ১০০ জন প্রতিযোগীতা অক্ষম প্রতিযোগীতায় অগ্রহন করেছিল। অন্যদিকে গান্ধী মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করে কান্দি পৌরসভা।



হয়েছে। এবছর রাজস্থানের জয়পুরের শিল্পীর তৈরি সম্পূর্ণ মার্বেল পাথরের দেবী দুর্গা আনা হয়েছে। এবারে চতুর্থীর দিন মা মুম্বায়ীর প্রাণ প্রতিষ্ঠা করা হবে। সেদিন ৫ ফুট উচ্চতার প্রতিমা কে ১৪০টি পিতলের কলশে গঙ্গাজল দধি, ঘৃত, মধু , চন্দনের গুঁড়ো দিয়ে প্রাণ প্রতিষ্ঠার আয়োজন করা হবে। তার সব ধরনের প্রস্তুতি

পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণের জন্য হুগলির একাধিক নদীর ঘাটে গিয়েছেন অসংখ্য ধর্মপ্রাণ মানুষ

দূরন্ত বার্তা, হুগলি, ২ অক্টোবর : মহালয়া, আশ্বিন মাসের শুক্লপক্ষে অমাবস্যা তিথিতে পিতৃপক্ষের অবসান আর দেবী পক্ষের সূচনা । এই লগ্নে জলাশয়ে দাড়িয়ে পিতৃপুরুষের উদ্দেশ্যে বৈদিক মন্ত্রচারণ করে জলদান করার প্রাচীন রীতি আজও নিষ্ঠার সঙ্গে পালন করা হয়। পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণের জন্য হুগলির একাধিক নদীর ঘাটে গিয়েছেন অসংখ্য ধর্মপ্রাণ মানুষ । তাই পূণ্যার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে ঘাটগুলিতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে রাজ্য প্রশাসনের পক্ষ থেকে । পূর্বপুরুষদের উদ্দেশ্যে গঙ্গায় দাড়িয়ে তর্পণ করার রীতি বাংলার বহু প্রাচীন রীতির মধ্যে অন্যতম। তর্পন উপলক্ষ্যে হুগলির সমস্ত গঙ্গার ঘাটে মানুষের ঢল নেমেছে সকাল থেকেই। বৈদিক মন্ত্র উচ্চারণের মধ্যে দিয়ে পিতৃ পুরুষের শ্রদ্ধার্থ্য জানাচ্ছেন বর্তমান প্রজন্মরা। এই ধরনের পরিস্থিতিতে যাতে কোনরকম অপ্রীতিকর ঘটনা না ঘটে তা নিয়ে বিশেষ সোতেন রয়েছে পুলিশ প্রশাসন। প্রত্যেকটি গঙ্গার ঘাটে যেখানে তর্পণ করা হচ্ছে সে ঘাট গুলিকে নিরাপত্তার বলায়ে ঘিরে রেখেছেন পুলিশ প্রশাসন। অমাবস্যার কোটাল থাকার জন্য যে জলস্তর বৃদ্ধি হবে সেই দিকে নজর রেখেছে পুলিশ। হুগলির বিভিন্ন ঘাটে বুধবার কলক দর্শটা থেকে ১১ টা পর্যন্ত তর্পণ করা বন্ধ করা হয়েছে জোয়ারের জলস্তর বৃদ্ধি ও বান ডাকার কারণে।

অবশেষে দীর্ঘ প্রতিক্ষার অবসান ঘটিয়ে উদ্বোধন হল বীরপাড়া অগ্নিনির্বাপন কেন্দ্রর

দূরন্ত বার্তা, মাদারিহাট, ২ অক্টোবর : মাদারিহাট বীরপাড়া রুকের দমকল কেন্দ্র না থাকায় অনেক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে বাসিন্দাদের। গত কয়েক মাস আগে ঐতিহ্যবাহী জলদাপাড়া হোলং বন বাংলা তে আগুন লেগে বাংলাটি ভস্মীভূত হয়ে যায়। বীরপাড়া দমকল কেন্দ্রেরটি থাকলে হয়তো বা ক্ষতির সম্ভবনা অনেকটাই কম হত। এছাড়া বীরপাড়ায় দমকল কেন্দ্র না থাকায় বীরপাড়া শহরের প্রচুর ক্ষতি হয়েছে। আগুন লাগলে ফালাকাটা কিংবা হাসিমারা থেকে দীর্ঘ পথ পাড়ি দিয়ে দমকল বাহিনীকে ছুটে এসে আগুন নেভাতে হতো। অনেক সময় দমকল বাহিনী পৌঁছানোর আগেই সব কিছু পুড়ে ছাঁই হয়ে যেত। দেরিতে হলেও মঙ্গলবার বীরপাড়া দমকল কেন্দ্রেরটি র ভার্চু য়ালি উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উদ্বোধনী অনুষ্ঠানের সময় বীরপাড়া দমকল কেন্দ্রে উপস্থিত ছিলেন রাজ্যে মন্ত্রী বুলুচিক বড়াইক, আলিপুরদুয়ার জেলা শাসক আর, বিমলা, পুলিশ সুপার ওয়াই রঘু বংশী, ছিলেন

চোর ধরতে গিয়ে নৃশংস ভাবে খুন যুবক

দূরন্ত বার্তা, বীরভূম, ২ অক্টোবর : চোর ধরতে গিয়ে নৃশংস ভাবে খুন হলেন এক যুবক। মর্মান্তিক ঘটনাটা ঘটেছে বুধবার ভোররাতে বীরভূমের ১৪ নম্বর রাণীগঞ্জ মোরগ্রাম জাতীয় সড়কের মুহাম্মদ বাজার থানার সোতসাল গ্রামে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে। আততায়ীর চিহ্নিত ধরণ করতে পুলিশ কুকুর আনা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে মৃত যুবক হলেন মনিরউদ্দিন মন্ডল। বয়স ২৪ বছর। বাড়ি মুহাম্মদ বাজার থানার সেকেন্ডা গ্রাম পঞ্চগড়েরে দীঘল গ্রামের সবুজ পল্লীতে। এদিন ভোর বেলায় সোতসালের পেট্রোল পাম্প সংলগ্ন ধানক্ষেতে এলাকা থেকে রক্তাক্ত ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। স্থানীয় বাসিন্দারা তাকে উদ্ধার করে সিউডি সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। জানা গেছে ওই মৃত যুবকের পরিবারের লরির ব্যবসা আছে। কিছুদিন আগে ওই এলাকায় গাড়ি পার্কিংয়ে থাকা অবস্থায় ৫৮ হাজার টাকা চুরি হয়। সেই চুরির কিনারা করতে মৃত যুবক ঘটনার পর থেকেই নজরদারি শুরু

ভারত ফের পাঠাবে চাল, খুশির খবর বদলের বাংলাদেশে!

নয়াদিল্লি, ২ অক্টোবর : কিছুদিন আগেই বাংলাদেশ থেকে পদ্মার ইলিশ এসেছে ভারতে। তবে দুর্গাপুজোর উপহার নয় বাংলাদেশ জানায়, ভারতের সঙ্গে ব্যবসার সম্পর্কেই ইলিশ রফতানি করেছে। এরপরই সুবহর এল পড়শি দেশের জন্য। বাংলাদেশের জন্য চাল রফতানি শুরু করতে চলেছে ভারত। এক বছর পর ভারত চাল রফতানির ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার ফলে শুধু রফতানিকারকরা লাভবান হবে না। এর সঙ্গে কৃষকরাও লাভবান হবে। এই পদক্ষেপে ফলে কৃষকরা ধান চাষে এবার লাভবান হবে। তথ্য বলছে, ভারতের কম চাল রফতানি এশিয়ান এবং আফ্রি কার চাল আমদানিকারক দেশগুলোকে খাইল্যান্ড, ভিয়েতনাম, পাকিস্তান এবং মিয়ানমারে যেতে বাধ্য করেছে। সীমিত উদ্ভূতের মধ্যে হঠাৎ চাহিদা বৃদ্ধির ফলে এই দেশগুলোতে রফতানি মূল্য ১৫ বছরেও বেশি সময়ের মধ্যে সর্বোচ্চ স্তরে পৌঁছেছে।



ছাা। অন্য চালের শীর্ষ ক্রেতাদের মধ্যে রয়েছে- বেনিন, বাংলাদেশ, অ্যামোলা, ক্যামেরুন, জিবুতি, গিনি, আইভির কোস্ট, কেনিয়া ও নেপাল। ইরান, ইরাক ও সৌদি আরব প্রধানত ভারত থেকে প্রিমিয়াম বাসমতি চাল কেনে।

সাজাবো যতনে...



মহালয়ায় চেতলা অগ্নীর প্রতিমায় চন্দ্রদান মুখ্যমন্ত্রীর। ছবি সুবল সাহা

বন্যা মোকাবিলায় রাজ্যের পাশে কেন্দ্র - বার্তা অমিত শাহর

দূরন্ত বার্তা, কলকাতা, ২ অক্টোবর : দুই বন্ধ বন্যায় নাজেহাল। বন্যা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি এই বন্যার জন্য কেন্দ্রেরকে দায়ী করে ‘মানমেড বন্যা’ বলেছেন। বলেছেন, কেন্দ্র কোনো সাহায্য করছে না। ঠিক সেই সময় মঙ্গলবার বিকেলে কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহর বার্তা - পশ্চিমবঙ্গকে বন্যার সাহায্যে কেন্দ্র ৪৬৮ কোটি টাকা বরাদ্দ করল। স্বাভাবিক কারণেই খুশি রাজ্যবাসী। পশ্চিমবঙ্গ ছাড়াও আরও ১৩টি রাজ্যকে আর্থিক সাহায্য করা হয়েছে। সবমিলিয়ে ১৪টি রাজ্যের জন্য ৫৮৫৮.৬০ কোটি টাকা বরাদ্দ করল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। কেন্দ্রের এই সিদ্ধান্তের কথা এজ্ঞ হ্যাভলে জানান কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কেন্দ্র যে রাজ্যগুলির পাশে রয়েছে, সেকথা জানান তিনি। তিনি বলেন, প্রাকৃতিক দুর্যোগের মানুষের পাশে আছে কেন্দ্র সরকার। দ্রুত যাতে সব রাজ্যের হাতে টাকা চলে আসে, সেই ব্যাপারটাও তিনি উল্লেখ করেছেন। এজ্ঞ হ্যাভলে অমিত শাহ জানিয়েছেন, প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় রাজ্যগুলির সবসময় পাশে রয়েছে কেন্দ্র। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক ১৪ টি বন্যা বিধস্ত রাজ্যের জন্য ৫৮৫৮.৬০ কোটি টাকা বরাদ্দ করেছে। মহারাষ্ট্রের জন্য বরাদ্দ করা হয়েছে ১৪৯২ কোটি টাকা। অন্ধ্রপ্রদেশ পেয়েছে ১০৩৬ কোটি টাকা। বাংলার জন্য বরাদ্দ করা হয়েছে ৪৬৮ কোটি টাকা। এক বিবৃতিতে জানানো হয়েছে, ইন্টার মিনিস্ট্রিয়াল সেন্ট্রাল টিম (আইএমসিটি) বিভিন্ন রাজ্যে পরিস্থিতি খতিয়ে দেখতে গিয়েছে। খুব শীঘ্রই আইএমসিটি বিহার ও পশ্চিমবঙ্গে পরিস্থিতি খতিয়ে দেখতে যাবে।

মহালয়া, অমাবস্যা ও বছরের শেষ সূর্যগ্রহণ – জ্যোতিষ মতে কিছু বিধি

দূরন্ত বার্তা, ২ অক্টোবর : এ বছর ২ অক্টোবর খুবই পবিত্র দিন। পিতৃ পক্ষের অবসান, দেবী পক্ষের সূচনা লগ্নে দাড়িয়ে বছরের শেষ সূর্য গ্রহণ আজকে। এই সূর্যগ্রহণ ৬ ঘণ্টা ৪ মিনিট স্থায়ী হবে। এই সূর্যগ্রহণের দিনটি হল সর্ব পিতৃ অমাবস্যা, যা আশ্বিন অমাবস্যা তিথিতে পড়ে। ধর্মীয় বিশ্বাস অনুসারে, সূর্যগ্রহণ সর্বদা অমাবস্যার দিনে ঘটে এবং চন্দ্রগ্রহণ সর্বদা পূর্ণিমার দিনে ঘটে। সূতক সময় সূর্যগ্রহণের ১২ ঘণ্টা আগে শুরু হয়। সূতক সময়ে খাবার তৈরি, খাওয়া, পুজো ইত্যাদি না করার রীতি রয়েছে। তবে আধুনিক বৈজ্ঞানিক দৃষ্টিতে অবশ্য তা গ্রহা নয়। বছরের শেষ সূর্যগ্রহণ ঘটিবে ২ অক্টোবর রাত ৯টা ১৩ মিনিটে। এই সূর্যগ্রহণ শেষ হবে ৩ অক্টোবর বৃহস্পতিবার ভোর ৬টা ১৭ মিনিটে। মোট ৬ ঘণ্টা ৪ মিনিট ধরে চলবে এই সূর্যগ্রহণ। ভারতীয় জ্যোতিষ অনুযায়ী সূর্য গ্রহণ চলাকালীন কয়েকটি নিয়ম মেনে চললে ব্যক্তি জীবন ও পরিবার জীবনে সুখ, শান্তি ও সমৃদ্ধি নেমে আসবে। ১) গ্রহণ শেষ হবার পরে গঙ্গাজল দিয়ে ঠাকুর ঘর সহ সমস্ত বাড়ি পরিষ্কার করতে হবে। ২) গ্রহণ শেষে পরিবারের সকলে স্নান করে পরিষ্কার পোশাক পরাবেন। ৩) সূর্যগ্রহণ শেষ হওয়ার পরে, পুজো ঘরের সমস্ত দেব-দেবীদের স্নান করানো এবং তাদের পোশাক পরিবর্তন করবেন। পুজা করবেন , খাবার দেনো এবং আর্ঘ্যত করবেন। ৪) পুজো করার পরে, আপনি গম, লাল কাপড়, লাল ফল, লাল ফুল ইত্যাদি দান করুন কারণ এই সমস্ত জিনিসগুলি সূর্য দেবতার সঙ্গে যুক্ত। ৫) গ্রহণ শেষ হওয়ার পরেই আপনার খাবার রান্না করা বা খাওয়া উচিত। এতে তুলসী পাতাও দিতে ভুলবেন না।

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের প্রতিবাদ গন্ডাহড়ায় মিছিল

গন্ডাহুড়া (ত্রিপুরা), ২ অক্টোবর : বাংলাদেশে শেখ হাসিনা সরকারের পরতনের পর থেকে ধর্মীয় সংখ্যালঘু হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টানদের ওপর অত্যাচারের মাত্রা ছাড়িয়েছে। গত কয়েকদিনে হিংসার তাণ্ডবে বহু মানুষ প্রাণ হারিয়েছেন পার্বত্য জেলা খাগড়াছড়ির বিভিন্ন প্রান্তে। এর প্রতিবাদেও হচ্ছে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে। এরই অঙ্গরূপে এদিন বুধবার গন্ডাহড়ায় প্রতিবাদী কর্মসূচি পালন করেছেন। মূলত চাকমা জনগোষ্ঠীর উদ্যোগে দরবাচা চাকমা, কান্তমণি চাকমা প্রমুখের নেতৃত্বে এদিন সাড়া জাগানো প্রতিবাদ মিছিল হয়েছে মহকুমা সদরে। পাহাড়ি, বাঙালি উভয় জনগোষ্ঠীর হাজারো মানুষ প্রতিবাদী মিছিলে পা মিলিয়েছেন। অশংগ্রহণ করেছেন বুদ্ধিজীবী, ছাত্র সংগঠনের কর্মকর্তা ও সদস্য এবং সমাজের সকল অংশের ও পেশার মানুষ। এদিন দুপুরে ডাকবাংলাে এলাকা থেকে মিছিল শুরু হয়ে মহকুমা সদরের বিভিন্ন পথ পরিক্রমা করেছে। বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের প্রতি সহর্মমিতা জানানোর পাশাপাশি এই অত্যাচার বন্ধে জরুরি ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়। মিছিল শেষে উদ্যোক্তারা জানান, আজ সরকারি ছুটি থাকায় তাদের দাবির স্মারকপত্র তারা আজ বৃহস্পতিবার মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে মহকুমাশাসকের হাতে তুলে দেনো।

Cooch Behar Municipality TENDER NOTICE
The Chairman of Cooch Behar Municipality invites 5 nos. e-tenders (3' Call) for &"Construction of Paver Block Roads and CC Drains at different wards " vide Tender ID No - 2024_MAD_760640_1, 2024_MAD_760668_1, 2024_MAD_760683_1, 2024_MAD_760708_1 & 2024_MAD_760722_1 eTender submission end date - 17/10/2024 Details information will be available from the website — (i) http://wbttenders.2ov.in (ii) www.coochbeharmunicipality.com
 Sd/- Chairman, Cooch Behar Municipality.

চ্যাম্পিয়নস লিগঃ মিলানকে হারিয়ে লেভারকুসেন পেল টানা দ্বিতীয় জয়

মিলান, ২ অক্টোবর : চ্যাম্পিয়ন্স লিগের হাইডেন্ডেল্‌জ ম্যাচে মঙ্গলবার রাতে (১ অক্টোবর) মুখোমুখি হয়েছিল লেভারকুসেন ও এসি মিলান। বে এরিয়ায় এই ম্যাচে হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর ১-০ গোলে জয় পেয়েছে স্বাগতিক লেভারকুসেন। আর টানা দ্বিতীয় জয়ে টেবিলের তিনে উঠে এলো আলোনসোর দল। দ্বিতীয় হাফের শুরুটাও দারুণ করে লেভারকুসেন। ৫১ মিনিটে বনিফেস নাইজেরিয়ান এই স্ট্রাইকার গোল করেন। এরপর বেশকিছু আক্রমণ করেও স্বাগতিকদের ডিফেন্স ভাঙতে পারেনি মিলান। শেষ পর্যন্ত এক গোলের জয় নিয়েই মাঠ ছাড়ে লেভারকুসেন। এদিকে দুই ম্যাচে দুইটিতেই হেরে টেবিলের ২৯তম স্থানে এসি মিলান।

আবার অশ্বিনকে টপকে আইসিসি র‍্যাঙ্কিংয়ের শীর্ষস্থানে বুমরা

দুবাই, ২ অক্টোবর : অনেকদিন ধরে দুই বন্ধুর মধ্যে লড়াইটা দারুন চলছে। গত ফেব্রুয়ারিতে ইংল্যান্ডের বিপক্ষে বিশাখাপত্তনম টেস্টে ৯ উইকেট নেওয়ার পর ভারতের প্রথম পেসার হিসেবে আইসিসি টেস্ট বোলারদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষে উঠেছিলেন বুমরা। তিনি অশ্বিনকে শীর্ষস্থান থেকে সরিয়ে দিয়েছিলেন। এক মাস পর মার্চে আবার বুমরাকে সরিয়ে শীর্ষস্থান দখল করেছিলেন অশ্বিন। এরপর দীর্ঘ ৬ মাস চলেছে অশ্বিনের অধিপন। দুদিন আগে বাংলাদেশের বিপক্ষে কানপুর টেস্ট শেষে আবারও অশ্বিনকে সরিয়ে শীর্ষে উঠে এসেছেন বুমরা, সেটা মাত্র এক রোটিং পয়েন্ট এগিয়ে থেকে। কানপুরে টেস্টে বাংলাদেশের বিপক্ষে বুমরা নিয়েছেন ৬ উইকেট আর অশ্বিন ৫টি। তবে ৬ উইকেট নেওয়ায় বুমরার রোটিং পয়েন্ট বেড়েছে ১৬, বর্তমানে তার রোটিং পয়েন্ট ৮৭০। আর কানপুরে ৫ উইকেট নেওয়ার পরও ২ রোটিং পয়েন্ট কমেছে অশ্বিনের। তাতে রামচন্দ্রনের রোটিং পয়েন্ট হয়েছে ৮৬৯।

পাকিস্তানের সীমিত ওভারের দলের অধিনায়কত্ব ছাড়লেন বাবর

২ অক্টোবর : লাগাতার ব্যর্থতার জেরে ফের পাকিস্তানের অধিনায়ক পদ ছাড়লেন বাবর আজম। এর আগে ২০২৬ বিশ্বকাপে ব্যর্থতার পর অধিনায়কত্ব ছাড়েন পাক ক্রিকেটের সুপারস্টার। পর ফের সীমিত ওভারের ক্রিকেটে অধিনায়ক করা হয় তাঁকে। মঙ্গলবার গভীর রাতে ফের নেতৃত্ব ছাড়ার সিদ্ধান্ত ঘোষণা করে দিলেন তিনি। বাবর এক সময় পাকিস্তানের তিন ঘরম্যাটের অধিনায়ক ছিলেন। কিন্তু ২০২৬ বিশ্বকাপের পর সড়ে পাড়ান। তাঁকে সরিয়ে সাদা বস্ত্রের ক্রিকেটে ক্যাপ্টেন করা হয়েছিল শাহিন আফ্রিদি। কিন্তু টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে ফের পুরনো পদে ফিরিয়ে আনা হয় বাবরকে। যা নিয়ে টিমের মধ্যেই অশান্তি বৈধেছিল। আবার টেস্ট ক্রিকেটে দায়িত্ব দেওয়া হয়েছিল শান মাসুদকে। তিনি আবার পাঁচটা টেস্টে নেতৃত্ব দিয়ে পাঁচটিই হেরেছেন। সাদা বাংলাদেশের কাছে জোড়া টেস্ট হেরেছে পাকিস্তান। তাও আবার ঘরের মাঠে। বাবর নিজে চূড়ান্ত হতাশ করেছেন ওই সিরিজে। তার পরই ফের অধিনায়কত্ব ছাড়ার সিদ্ধান্ত। মঙ্গলবার সোশাল মিডিয়ায় পাক মহাতারকা জানালেন, আমি পিসবিকে সিদ্ধান্ত জানিয়ে দিয়েছি।

চেন্নাইয়িন ম্যাচে দলের পারফরম্যান্স নিয়ে যথেষ্ট খুশি থাংবোই সিংটো

২ অক্টোবর : মঙ্গলবার সন্ধ্যায় গাছিবাউলি স্টেডিয়ামে নিজেদের তৃতীয় ম্যাচ খেলতে নেমেছিল হায়দরাবাদ এফসি। যেখানে তাঁদের প্রতিপক্ষ হিসেবে ছিল প্রমেন কোয়েলোর চেন্নাইয়িন এফসি। নির্ধারিত সময়ের শেষে গোলশূন্য ফলাফলে শেষ হয় এই ম্যাচ। যারফলে এবারের ইন্ডিয়ান সুপার লিগে প্রথম পয়েন্ট সংগ্রহ করল একবারের আইএসএল জয়ীরা। অন্যদিকে তিন ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে সাত নম্বরে থাকল অভিষেক বচনের ক্লাব। এদিন ঘরের মাঠে হায়দরাবাদ এফসি খেলতে নামলেও শুরু থেকেই যথেষ্ট দাপট থেকেছে প্রতিপক্ষ ফুটবল দলের। ২৭ দলের ফুটবলারদের পারফরম্যান্স নিয়ে যথেষ্ট খুশি হায়দরাবাদ এফসির কোচ থাংবোই সিংটো। পরবর্তীতে সাংবাদিক বৈঠকে উল্লিখিত থেকে তিনি বলেন, আজকের এই ম্যাচে আলাদা করে কোনও ফুটলারকে চিহ্নিত করে কিছু বলার নেই। কারণ প্রত্যেকেই যথেষ্ট ভালো পারফরম্যান্স করেছেন। দলের গোলরক্ষক থেকে শুরু করে ডিফেন্ডার হোক কিংবা মিডফিল্ডার অথবা স্ট্রাইকার। সকলেই নিজজদের কাজ করেছেন। বলতে গেলে এটি একটি প্রাণা পয়েন্ট। তাছাড়া ক্লিনশিট ও থেকেছে। আমি দলের জন্য খুশি। তবুও দলের বেশকিছু ত্রুটিবাদের প্রসঙ্গে তিনি বলেন, লিয়েভার ডি'কুনহা থেকে শুরু করে পরাগ শ্রীবাসের মত ফুটবলাররা ইন্ডিয়ান সুপার লিগে নতুন নন। সেজন্য আমি মনে করি তাঁদের আরও দায়িত্বশীল হতে হবে। কারণ আমাদের দলে অভিজ্ঞতার প্রয়োজন। তাছাড়া তারা দুজনেই যথেষ্ট ভালো ডিফেন্ডার। এছাড়াও আমাদের একজন ফিরে আসছে। এবং একজন কার্ডের জন্য পরের ম্যাচে বাইরে থাকবেন। তবে আমরা তাঁদের সকলের সাথেই কথা বলব। আশা করি এমন পরিস্থিতি পরবর্তীতে আর দেখা দেবে না। আগামী ২১ অক্টোবর আগুয়ে ম্যাচে খালিদ জামিলের জামদেপসুর এফসির মুখোমুখি হবে হায়দরাবাদ। তাঁর আগে চেন্নাইয়িনের বিপক্ষে পয়েন্ট পাওয়ায় কিছুটা হলেও আত্মবিশ্বাস বাড়বে দলের ফুটবলারদের।

মারাদোনার দেহাবশেষ স্থানান্তরের অনুমতি দিল আর্জেন্টিনার এক আদালত



বুয়েনস এইরেস, ২ অক্টোবর : আর্জেন্টিনার একটি আদালত মঙ্গলবার (১ অক্টোবর)কিংবদন্তি ফুটবল শিল্পী মারাদোনার দেহাবশেষ কবরস্থান থেকে সরানোর অনুমতি দিয়েছে। এখন বুয়েনস এইরেসের উত্তর-পশ্চিমাঞ্চলে বোলা ভিন্তায় সমাহিত আছে মারাদোনো। আদালতের নির্দেশ অনুযায়ী পুরোতো মাদেরোর সমাধিস্থত বানিয়ে সেখানে তার দেহাবশেষ স্থানান্তর করা হবে। এর আগে মারাদোনার মেয়েরা অনুরোধ করেছিলেন, ‘মেমোরিয়াল’ নামে একটি স্মৃতিস্তম্ভ বানিয়ে তাঁদের বাবার দেহাবশেষ যেন সেখানে স্থানান্তর করা হয়। ২০২০ সালের ২৫ নভেম্বর মারা যান আর্জেন্টিনার কিংবদন্তি ফুটবলার ডিয়েগো মারাদোনো। তারপর বুয়েনস এইরেসের উত্তর-পশ্চিমাঞ্চলে বোলা ভিন্তায় তাকে সমাহিত করা হয়েছিল।

ডব্লুডব্লুই সুপারস্টার র‍্যান্ডি অর্টনের সঙ্গে একটি বিখ্যাত ভুলের কথা স্মরণ করলেন ‘ভুল হওয়া স্বাভাবিক’

১ অক্টোবরঃ একজন ডব্লুডব্লুই সুপারস্টার র‍্যান্ডি অর্টনের সঙ্গে একটি বিখ্যাত ম্যাচের কথা স্মরণ করেছেন, যেখানে একটি ভুলের কারণে অনেক নেতিবাচক প্রতিক্রিয়া দেখা দেয়। এটি র‍্যান্ডি অর্টনের বিরুদ্ধে একটি ম্যাচ ছিল, এবং প্রতিপক্ষ ছিলেন গুস্তার। রিং জেনারেল অর্টনকে পিন করেছিলেন, কিন্তু তার কাঁধ উপরে ছিল। এর ফলে গুস্তার ম্যাচটি জিতেছেন কি না, তা নিয়ে অনেক বিতর্ক সৃষ্টি হয়।ম্যাচটি ২৫ মে, ২০২৪ তারিখে ডব্লুডব্লুই কিং অ্যান্ড কুইন অফ দ্য রিং টুর্নামেন্টে অনুষ্ঠিত হয়। গুস্তার সম্প্রতি ওই বিখ্যাত ভুল নিয়ে কথা বলেছেন।মেট্রোর আলিস্টার

অধিনায়কত্ব ছাড়লেন নিউজিল্যান্ড অধিনায়ক সাউদি



অকল্যান্ড, ২ অক্টোবর : আজ অধিনায়কত্ব ছাড়লেন সাউদি। শ্রীলঙ্কার মাটিতে লঙ্কানদের বিরুদ্ধে দুই ম্যাচের টেস্ট সিরিজে শোচনীয় ভাবে হারার পর এই সিদ্ধান্ত নিয়েছেন সাউদি। তার জায়গায় নিউজিল্যান্ডের নতুন টেস্ট অধিনায়ক হলেন টম ল্যাথাম। ২০২২ সালে কেইন উইলিয়ামসনের কাছ থেকে দায়িত্ব নিয়েছিলেন সাউদি। তিনি নিউজিল্যান্ডকে ১৪ টেস্টে নেতৃত্ব দিয়েছেন। তাঁর নেতৃত্বে ৬টি টেস্টে জিতেছে নিউজিল্যান্ড, হেরেছেও ৬টিতে, ড্র করেছে ২টি।

চ্যাম্পিয়নস লিগ : পিএসজিকে হারাল আর্সেনাল

প্যারিস, ২ অক্টোবর : মঙ্গলবার (১ অক্টোবর) রাতে চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে পিএসজিকে ২-০ গোলে হারিয়েছে আর্সেনাল। গানারদের হয়ে একটি করে গোল করেছেন কাই হাডার্টজ এবং বুকায়ো সাকা। ম্যাচের ২০ মিনিটে দোমারুম্‌মার তুলের কারণে পিছিয়ে পড়ে পিএসজি। আর্সেনালের হয়ে গোল করেন কাই হাডার্টজ। ৬৫ মিনিটে ব্যবধান দ্বিগুণ করে আর্সেনাল। গোল করেন বুকায়ো সাকা। এই জয়ে আর্সেনালের পয়েন্ট হল ৪। পয়েন্ট টেবিলের আট নম্বরে আছে তারা। পিএসজি ৬ পয়েন্ট নিয়ে আছে ১৮ নম্বরে।

ইয়াং বয়েজকে হারিয়ে চ্যাম্পিয়নস লিগে বার্সার ‘প্রথম’ জয়

বার্সেলোনা, ২ অক্টোবর : ইয়াং বয়েজের বিপক্ষে গোল উসব করে চ্যাম্পিয়নস লীগে প্রথম জয় পেল স্প্যানিশ জায়ান্টরা। মঙ্গলবার (১ অক্টোবর) রাতে চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে ইয়াং বয়েজকে ৫-০ গোলে হারাল বার্সেলোনা। জোড়া গোল করেছেন রবার্ট লেভানডোভস্কি। একটি করে গোল করেছেন রাফিনিয়া ও ইনিগো মার্টিনেজ। অন্য গোলটি আত্মঘাতী। সব প্রতিযোগিতা মিলিয়ে সবশেষে চার ম্যাচের ম্যাচেই হারেছিল বার্সেলোনা। ম্যাচে প্রায় ৭৪ শতাংশ সময় বল দখলে রেখে গোলেনো জন্য ১২টি শট নিয়ে বার্সেলোনা, এর সাতটি ছিল লক্ষ্যে। বয়েজ কেবল নিয়েছে দুটি শট, এর একটিও ছিল না লক্ষ্যে।

বাংলার ব্যর্থতা ভাবিয়ে তুলেছে সঞ্জয় সেনকে

২ অক্টোবর : বেশ কিছুদিন হল বাংলার দায়িত্বে এসেছেন। তবে দায়িত্বে এলেও সস্ত্রের ট্রফিতে বাংলার ধারাবাহিক ভাবে ব্যর্থতা ভাবিয়ে তুলেছে সঞ্জয় সেনকে। একদা আই লিগ, ডুরান্ড জয়ী অভিজ্ঞ কোচ মাঠে নামার আগে আত্মবিশ্বাসী থেকেও যেন একটু ‘ হয়ে পড়েছেন। তবু বাংলার হয়ে সাক্ষর্যের ‘ হয়ে উঠতে এক কিংবদন্তি মেরিনাস কেই ‘ হিসেবে ব্যবহার করতে চান বর্তমান বাংলার কোচ। গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি জানান, বাংলার হয়ে সাক্ষ্য পেতে প্রাক্তন বাগান কোচ সুরত ভট্টাচার্যের ‘ এই মুহুর্তে তাঁর প্রধান আস্থা। বাংলা ফুটবল দলের দায়িত্বে প্রথমবার এলেও, এর আগে অনূর্ধ্ব ভারতীয় দলকে কোচি

কার্লোসের উত্তরসূরী হিসেবে সার্বিয়ান কোচের দিকে নজর লাল-হলুদের!

২ অক্টোবর : গত সোমবার ইমামি ইস্টবেঙ্গল ফুটবল ক্লাবের দায়িত্ব ছেড়েছেন কার্লোস কুন্সারাতা যারফলে অন্তর্বর্তীকালীন কোচ হিসেবে দায়িত্ব গ্রহন করেছেন বিনো জর্জ। যা কিছুটা হলেও হতাশ করবে সমর্থকদের। গত বছর টিফেন কমস্টানটাইনের পর এই স্প্যানিশ কোচের হাতে ভুলে দেওয়া হয়েছিল ময়দানের এই প্রধানের দায়িত্ব। তারপর থেকেই ধীরে ধীরে ঘুরে দাঁড়াতে শুরু করেছিল ইস্টবেঙ্গল। সেবার ডুরান্ড

কাপে চূড়ান্ত সাফল্য না আসলেও দলের পারফরম্যান্স মন জয় করেছিল সকলের। পরবর্তীতে এই কোচের হাত ধরেই কলিঙ্গ সুপার কাপ জয় করেছিল লাল-হলুদ। যারফলে বহু বছর পর জাতীয় স্তরের কোনও ট্রফি এসেছিল ক্লাবো। কিন্তু অহিএসএলে সেভাবে প্রভাব ফেলতে সক্ষম হয়নি ইস্টবেঙ্গল। তবুও নতুন সিজনে ভালো পারফরম্যান্স করার আশায় তাঁর দিকেই তাকিয়ে ছিল সকলে।



ক্লাব শিলং লাজং এফসির কাছে। তারপর এএফসি চ্যাম্পিয়নস লিগের টায়ার টুয়ের প্রিলিমিনারী ম্যাচে ও মিলেছে হতাশা। তারপরেও ইন্ডিয়ান সুপার লিগের দিকে নজর ছিল সকলের। সেখানে প্রথম তিনটি ম্যাচেই জোর ধাক্কা পেতে হয়েছে ময়দানের এই প্রধানকে। যা নিয়ে ক্ষোভ প্রকাশ করতে শুরু করেছিলেন ইস্টবেঙ্গল সমর্থকরা। তারপর ম্যানেজমেন্টের বৈঠকের পর

আশঙ্কা সত্যি করে ইজরায়েলে হামলা ইরানের, মোহনবাগানের অভিযোগ খতিয়ে দেখছে এএফসি

২ অক্টোবর : যে আশঙ্কা করেছিল মোহনবাগান, সেটাই সত্যি হয়ে গেল। মঙ্গলবার রাতে ইজরায়েলকে লক্ষ্য করে কয়েকশো ব্যালিস্টিক মিসাইল ছুঁল ইরান। দেখতে গেলে, ইরান-ইজরায়েল যুদ্ধই ঘোষণা হয়ে গেল একপ্রকার। এই পরিস্থিতিতে ইরানের অবস্থাও যে ভয়ঙ্কর হচ্ছে, তা বলার অপেক্ষা রাখে না। এমন পরিস্থিতিতে মোহনবাগানের ইরানে না যাওয়ার সিদ্ধান্ত সঠিক বলেই মনে করছে ফুটবলমহলা(সোমবারই সবুজ-মেরুনকে ৩৫ জন ফুটবলার

পাঠিয়ে দিয়েছে। সেই কমিটি সিদ্ধান্ত নেবে। মোহনবাগান ম্যানেজমেন্টের তরফ থেকে বারবার ফুটবলারদের নিরাপত্তার কথায় জোর দেওয়া হয়েছে। আবার সকলেই ম্যাচের



চর্চিশ ঘণ্টা আগে প্রাক্ ম্যাচ সাংবাদিক সম্মেলনও সরেছে ট্রান্সির এফসি। সেখানে দেখা গিয়েছে মোহনবাগানের নাম লেখা চোয়ার ফাঁকা। যদিও ট্রান্সির ম্যাচ নিয়ে আর ভাবতে চাইছে না মোহনবাগান শিবির। মঙ্গলবার থেকেই মহামোডান ম্যাচেরে প্রস্তুতি শুরু করে দিলেন জোসে মোলিনা। মোহনবাগানের

রনজির আসন্ন মরশুমে বঙ্গ অধিনায়ক অনুষ্টুপ, চিন্তা পেস বোলিং নিয়ে

দুরন্ত বার্তা, ২ অক্টোবর : আসন্ন রনজিতে বাংলার অধিনায়ক হলেন অনুষ্টুপ বজ্জদার। গত কয়েক মরশুমে ধরে ধারাবাহিকভাবে ভালো পারফর্ম করে যাচ্ছেন অনুষ্টুপ। দল যখনই বিপদে পড়েছে, তখন উদ্ধারকর্তা হিসেবে অবির্ভূত হয়েছিলেন তিনি। বর্তমানে বাংলা ক্রিকেটে বড় ভরসার হয়ে গেলে যে রনজি ট্রফিতে বাংলাকে নেতৃত্ব দেরেন তিনিই। আগামী ১১ অক্টোবর রনজি অত্থান শুরু করছে বাংলা। প্রতিপক্ষ উত্তরপ্রদেশ। লখনউয়ে খেলতে হবে অনুষ্টুপদের। টিম ৮ অক্টোবর লখনউ উড়ে যাবাররনজিতে নামার আগে জোরকদমে প্রস্তুতি চলছে। পাঞ্জাব থেকে দুটো ম্যাচ খেলে আসার পর সল্টলেকের যাদবপুর কমপ্লেক্সের মাঠে প্র্যাকটিস করছে টিম বেঙ্গল। এদিন যেমন ম্যাচ সিমুলেশন ট্রেনিং চলল। শ্বদ্বিমান সাহা আর সুদীপ চট্টোপাধ্যায়

দু’জনেই বাংলায় ফিরেছেন। শ্বদ্বিদের প্রত্যাবর্তনের ফলে বঙ্গ ব্যাটিং যে আরও শক্তিশালী হয়েছে, সেটা বলে দেওয়াই যায়। তবে চিন্তার জায়গা হল বোলিং। বিশেষকরে পেস আটাকা। আকাশ দীপ এখন ভারতীয় টিমে। নিউজিল্যান্ড সিরিজও খেলবেন। অস্ট্রেলিয়া সফরেও বঙ্গ পেসারের যোগ্য একপ্রকার নিশ্চিত। ফলে রনজি প্রথম পর্বে যে আকাশকে পাওয়া যাবে না, সেটা বঙ্গ শিবিরও জানে। মুকেশ কুমার নিউজিল্যান্ড সিরিজের টিম থাকবে কি না, সেটা এখনও পরিষ্কার নয়। মহম্মদ শামি এবার রনজিতে কয়েকটা ম্যাচ খেলবেন। তবে এখনও যা পরিস্থিতি, তাতে শামিকে প্রথম ম্যাচে পাওয়ার সম্ভাবনা খুব কম। কারণ খবর নিয়ে যা জানা গেল, তাতে শামির পুরো ম্যাচ বিট হতে আরও কিছুটা সময় লাগতে পারে। সেক্ষেত্রে ইউডেনে দ্বিতীয় ম্যাচে তিনি খেলতে পারেন। সব মিলিয়ে বোলিং একটি চিন্তারই রাখছে বাংলা শিবিরকে। তবে টিম অবশ্য এখনই এসব নিয়ে বেশি ভাবতে চাইছে না।বরং উত্তরপ্রদেশকে হারিয়ে ভালোভাবে রনজি অত্থান শুরু করার ব্যাপারে বেশ আত্মবিশ্বাসী অনুষ্টুপরা।

